# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 27, 1430 Bangla, March 11, 2024, Monday, No. 71, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina addressing at the 29th anniversary of Coast Guard says, govt. will make the Coast Guard a three-dimensional force by adding new technology and modern equipment. (VOA: 5)

AL GS Obaidul Quader comments, BNP's demand for mid-term election is a demand of novice. Adds, it has been proved that the country's democracy is safe in the hands of Sheikh Hasina. (R. Today: 11)

Foreign Minister Dr Hasan Mahmud calls upon the expatriates to make a list of those who are plotting against the country, spreading propaganda and slander living abroad. (Jogo FM: 19)

State Minister for Information & Broadcasting M A Arafat has emphasized on a fair investigation into the incident of jailing a journalist through a mobile court in Nakla Upazila of Sherpur. (VOA: 6)

BNP SJSG R K Rizvi comments that a place like Supreme Court has been tarnished by rigging the Bar Association elections. He alleged that pro-BNP lawyers have been arrested by staging a case. (R. Today: 11)

A court in Dhaka grants a four-day remand to Barrister R Q Kajol, secretary candidate of BNP Jamaat pro-Nil Panel in connection with the violence in Supreme Court Bar Association election. (R. Today: 12)

EU believes 12th parliamentary elections of BD failed to meet some important international democratic standards. They think Election Commission has failed to make this election credible. (DW: 10)

High Court orders that all primary & secondary schools in the country will remain closed throughout the Ramadan. (R. Today: 12; Jogo FM: 18)

Capitalizing on Ramadan demand, commodity prices are rising in the country. Price of dates goes beyond the reach of buyers. (Jogo FM: 20)

Authorities continue to crack down on restaurants lacking fire safety after the Bailey Road fire incident in the capital Dhaka. Owners decry it as showing off and harassment. (VOA: 6)

About 4,000 acres of betel leaf, banana tree, ripened wheat, crops and 10 houses have been burnt in a fire at Bheramara of Kushtia. There is another fire incident at Anowara end of bangabondhu tunnel in chottogram. (R. Today: 14)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৭, বাংলা ১৪৩০, মার্চ ১১, ২০২৪, সোমবার, নং- ৭১, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোস্ট গার্ডের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে বলেছেন, সরকার নতুন প্রযুক্তি ও আধুনিক সরঞ্জাম সংযোজনের মাধ্যমে বাংলাদেশ কোস্ট গার্ডকে একটি ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তুলবে। (ভোয়া : ৫)

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিএনপির মধ্যবর্তী নির্বাচনের দাবি কে মামা বাড়ির আবদার বলে মন্তব্য করেছেন। তিনি বলেন বিএনপি বাস্তবতা থেকে অনেক দূরে সরে গেছে। প্রমাণ হয়েছে শেখ হাসিনার হাতেই দেশের গণতন্ত্র নিরাপদ। (রে. টুডে : ১১)

বিদেশে বসে যারা দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র, অপপ্রচার ও বিষোদগার করে তাদের তালিকা তৈরির জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। (জাগো এফএম : ১৯)

শেরপুর জেলার নকলা উপজেলায় ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এক সাংবাদিককে কারাদণ্ড দেয়ার ঘটনার সুষ্ঠু তদন্তে জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। (ভোয়া : ৬)

আইনজীবী সমিতির নির্বাচনে জালিয়াতি করে সুপ্রিম কোর্টের মতো জায়গাকে কলঙ্কিত করা হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। নাটক করে মামলা করে বিএনপিপন্থী আইনজীবীদের গ্রেফতার করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। (রে. টুডে : ১১)

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতার ঘটনায় শাহবাগ থানায় করা মামলায় গ্রেফতার বিএনপি জামায়াতপন্থী নীল প্যানেলের সম্পাদক ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলের চার দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। (রে. টুডে : ১২)

গত জানুয়ারিতে অনুষ্ঠিত বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কিছু গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক গণতান্ত্রিক মানদণ্ড পূরণে ব্যর্থ হয়েছে বলে মনে করে ইউরোপীয় ইউনিয়ন। তারা মনে করে এই নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে ব্যর্থ হয়েছে নির্বাচন কমিশন। (ডয়চে ভেলে : ১০)

দেশের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় রমজান মাস জুড়ে বন্ধ থাকবে বলে আদেশ দিয়েছে হাইকোর্ট। তবে রায়ের কপি না পাওয়ায় এখনই এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছে না শিক্ষা মন্ত্রণালয়। (রে. টুডে : ১৩০২; জাগো এফএম : ১৮)

রমজানের চাহিদা পুঁজি করে দ্রব্যমূল্যের দাম বাড়ছে। ক্রেতাদের নাগালের বাইরে খেঁজুর। (জাগো এফএম : ২০)

রাজধানী ঢাকার বেইলি রোডে, গ্রিন কোজি কটেজ ভবনে অগ্নিকাণ্ডের পর যথাযথ অগ্নি নিরাপত্তা ব্যবস্থা না থাকা রেস্তোরাঁগুলোর বিরুদ্ধে অভিযান শুরু করেছে কর্তৃপক্ষ। এই অভিযানকে ‘লোক দেখানো ও হয়রানি’ বলে অভিযোগ করেছেন রেস্তোরাঁ মালিকরা। (ভোয়া : ৬)

কুষ্টিয়ার ভেড়ামারায় ভয়াবহ আগুনে প্রায় সাড়ে তিন কিলোমিটার এলাকার প্রায় চার হাজার একর পানের বরজ কলার বাগান পাকা গমসহ আবাদি ফসল এবং প্রায় ১০ টি বাড়ি পুড়ে গেছে। চট্টগ্রামে বঙ্গবন্ধু টানেলের আনোয়ারা প্রান্তে আরেকটি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। (রে. টুডে : ১৪)

# বিবিসি

## ‘লাঙ্গলে’র দখল ছাড়তে রাজি নয় জাতীয় পার্টির কোন পক্ষই

আনুষ্ঠানিকভাবে আরও একবার ভেঙেছে প্রয়াত হুসেইন মুহাম্মদ এরশাদের প্রতিষ্ঠিত জাতীয় পার্টি। দ্বাদশ জাতীয় নির্বাচন নিয়ে দলটির মধ্যে অসন্তোষের পর আনুষ্ঠানিক সম্মেলন করে মাধ্যমে নতুন কমিটি ঘোষণা করেছেন দলের একাংশের নেতারা। শনিবার ঢাকায় অনুষ্ঠিত ওই সম্মেলনে কমিটির চেয়ারম্যান করা হয়েছে এরশাদ পত্নী রওশন এরশাদকে। হুইল চেয়ারে এসে সম্মেলনে যোগ দিয়ে রওশন এরশাদ বলেছেন, “আদালতের রায় অনুযায়ী দলীয় প্রতীক লাঙ্গল আমার।" এরপরই প্রশ্ন উঠছে, কোনটি জাতীয় পার্টির মূল অংশ? আর দলীয় প্রতীক কী লাঙ্গল হাতছাড়া হতে যাচ্ছে জিএম কাদেরের জাতীয় পার্টির? জিএম কাদের অংশ অবশ্য বলছে, রওশন এরশাদের জাতীয় পার্টির আইনগত ভাবে লাঙ্গল প্রতীক পাওয়ার কোনও সুযোগ নেই। জাতীয় পার্টি জিএম কাদের অংশের মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, “জাতীয় পার্টি ও লাঙ্গলের নিয়ন্ত্রণে সব কিছু নির্বাচন কমিশনের ওয়েবসাইটে দেওয়া আছে। এখন অন্য কেউ গিয়ে বললেই তারা লাঙ্গলের মালিক হতে পারবে না।” নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বিবিসি বাংলাকে বলেন, “শুধুমাত্র দলীয় গঠনতন্ত্র অনুযায়ী দলের নেতৃত্বে পরিবর্তন করা হলে দলীয় প্রতীক তাদেরকে দিতে পারবে নির্বাচন কমিশন। তা না হলে এই সিদ্ধান্ত দিতে হবে আদালতের।” গত মাসে জাতীয় পার্টির রওশনপন্থীরা দলীয় চেয়ারম্যান জিএম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুকে সরিয়ে দেওয়া হয়েছে বলে নির্বাচন কমিশনকে চিঠি দেয়। তবে বিষয়টি দলের গঠনতন্ত্র অনুযায়ী না হওয়ায় ইসি তাদের আবেদন নামঞ্জুর করে।

জাতীয় পার্টির রওশন অংশের নতুন মহাসচিব কাজী মামুনুর রশীদ বিবিসি বাংলাকে বলেন, “রওশন এরশাদ যেখানে থাকবে লাঙ্গল প্রতীকও সেখানে থাকবে। হাইকোর্টের রায়ও আছে। এখন যদি আমরা লাঙ্গল নাও পাই পাঁচ বছর পর্যন্ত আমরা অপেক্ষা করব।” শনিবার সম্মেলনে যোগ দিতে সকাল থেকে সারা দেশের বিভিন্ন স্থান থেকে আসা রওশনপন্থীরা আসেন ঢাকার ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটে। সম্মেলন উপলক্ষে মৎস্য ভবন মোড় থেকে সোহরাওয়ার্দী উদ্যানের ফটক পর্যন্ত ছিল রওশনপন্থীদের শোডাউন। তারা এরশাদ এবং রওশনের ছবি-সংবলিত ব্যানার-ফেস্টুন নিয়ে আসেন। সম্মেলনে আমন্ত্রণ করা হলেও আওয়ামী লীগের কেউ এতে আসেননি। তবে উপস্থিত ছিলেন কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি কাদের সিদ্দিকী, জেপির মহাসচিব শেখ শহিদুল ইসলাম-সহ কয়েকটি ছোট দলের নেতারা। ছিলেন ঢাকায় নিযুক্ত কয়েকটি দেশের দূতাবাসের কর্মকর্তারাও। সম্মেলন ঘিরে নিরাপত্তা ব্যাপক জোরদার করে আইনশৃংখলা বাহিনী। দুপুর ১২টায় সৈয়দ আবু হোসেন বাবলার সভাপতিত্বে কাউন্সিল শুরু হয়। এতে চেয়ারম্যান হিসেবে রওশন এরশাদের নাম প্রস্তাব করেন জাপার সাবেক প্রেসিডিয়াম সদস্য ফখরুজ্জামান জাহাঙ্গীর। একই সময় দলীয় মহাসচিব হিসেবে কাজী মামুনুর রশীদের নাম প্রস্তাব করেন গোলাম সারোয়ার মিলন। উপস্থিত কাউন্সিলর এবং ডেলিগেটরা এতে সমর্থন জানান। এই সম্মেলনে নির্বাহী চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন কাজী ফিরোজ রশিদ। তিনি এর আগে জিএম কাদেরপন্থী হিসেবেই পরিচিত ছিলেন। নতুন এই কমিটিতে সিনিয়র কো-চেয়ারম্যান হয়েছেন সৈয়দ আবু হোসেন বাবলা, এ ছাড়া কো-চেয়ারম্যান হয়েছেন সাহিদুর রহমান টেপা, শফিকুল ইসলাম, রাহগির আল মাহি সাদ এরশাদ, গোলাম সারোয়ার মিলন ও সুনীল শুভ রায়। জাতীয় পার্টি রওশন অংশের মহাসচিব কাজী মামুনুর রশিদ বিবিসি বাংলাকে বলেন, “আমরা জিএম কাদের কিংবা চুন্নু সাহেবদের দল থেকে বাদ দেই নাই। তাদেরকে উপদেষ্টা পরিষদে রাখা হবে।” এই সম্মেলনে জাতীয় পার্টির ১৩ জন সংসদ সদস্যের কেউ অংশ নেননি। ছিলেন না সাবেক মহাসচিব মশিউর রহমান রাঙ্গা-সহ জিএম কাদেরপন্থী নেতাদেরও কেউ। জিএম কাদের অংশের মহাসচিব মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, “এই সম্মেলনে যারা গেছে তারা সবাই দল থেকে বহিষ্কৃত ও অব্যহতিপ্রাপ্ত। সক্রিয়ভাবে যারা জাতীয় পার্টি করে তাদের কেউ যায়নি।"

সেনাপ্রধান থেকে রাষ্ট্রপতি হওয়া হুসেইন মুহাম্মদ এরশাদ ১৯৮৬ সালে গঠন করেন জাতীয় পার্টি। ১৯৯০ সালে গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে এরশাদের পতনের পর আর ক্ষমতায় যেতে পারেনি দলটি। তবে বেশ কয়েকবার ভাঙনের মুখোমুখি হতে হয় দলটিকে। সর্বশেষ চলতি বছর দ্বাদশ জাতীয় নির্বাচনে সরকারের সাথে সমঝোতার পরও দলটি মাত্র ১১টি আসনে জয়লাভ করে। এতে দলের অনেক সিনিয়র নেতা মনোনয়ন-বঞ্চিত হন। কেউ কেউ আবার দলীয় মনোনয়ন পেয়েও পরাজিত হন আওয়ামী লীগের স্বতন্ত্র প্রার্থীদের কাছে। এরপরই দলের মধ্যে সংকট তৈরি হয়। গত ২৮ জানুয়ারি জি এম কাদেরকে অব্যাহতি দিয়ে নিজেকে জাপার চেয়ারম্যান ঘোষণা করেন এরশাদ পত্নী বেগম রওশন এরশাদ। গত শনিবার সম্মেলনের মাধ্যমে চূড়ান্ত করা হয় কমিটি। তবে, ২০১৯ সালে এরশাদের মৃত্যুর পর দলের নেতৃত্ব নিয়ে টানাপড়েন তৈরি হলেও তখনও এতটা সংকটে পড়তে হয়নি দলটিকে। জাতীয় পার্টি প্রথমবার ভাঙে ১৯৯০ এরশাদ সরকারের পতনের আগেই। তখন এরশাদ বিরোধী আন্দোলনের তীব্রতা টের পেয়ে জাতীয় পার্টির প্রথম মহাসচিব ডা. এম এ মতিন-সহ বেশ কয়েকজন দল থেকে বেরিয়ে যান। যদিও তার নেতৃত্বাধীন বাংলাদেশ জাতীয় পার্টি (প্রতীক কাঁঠাল) গঠিত হয় অনেক পরে। পরবর্তীতে জাতীয় পার্টি প্রথম ভাঙনের মুখে পড়ে ১৯৯৬ সালে। তখন এরশাদ বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোটে যোগ দিলে তৎকালীন মহাসচিব আনোয়ার হোসেন মঞ্জু জাতীয় পার্টি থেকে সরে গিয়ে নতুন দল গঠন করেন। সেই দলের নাম হয় জাতীয় পার্টি-জেপি। এরপর ১৯৯৯ সালে এরশাদের

জাতীয় পার্টি চারদলীয় জোট ছেড়ে দিলে তখনকার মহাসচিব নাজিউর রহমান মঞ্জু এরশাদের জাতীয় পার্টি ছেড়ে নতুন দল গঠন করেন। তার দলের নাম হয় বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি। ২০১৪ সালে দশম জাতীয় নির্বাচনে এরশাদের জাতীয় পার্টি অংশ নেওয়ার ঘোষণা দিলে সাবেক মহাসচিব কাজী জাফর আহমেদ আলাদা দল গঠন করে বিএনপি জোটে থেকে যান। এই দলটির নাম হয় জাতীয় পার্টি (কাজী জাফর)।
নতুন করে দলের ঘোষণা দেওয়ার পর রওশন অংশের মহাসচিব কাজী মামুনুর রশিদ বিবিসি বাংলাকে বলেন, "জিএম কাদের ও চুন্নু সাহেব জাতীয় পার্টিকে চরমভাবে ধংস করেছে। রওশন এরশাদ জাতীয় পার্টিকে ধংসের হাত থেকে বাঁচিয়েছেন এই সম্মেলনের মাধ্যমে।" প্রতিষ্ঠাতা সভাপতি এরশাদ জীবিত থাকা অবস্থায় প্রায় প্রতিটি জাতীয় নির্বাচনের আগে দলে সংকট তৈরি হয়েছে। ভেঙ্গেছেও বেশ কয়েকবার। এখন নির্বাচন কমিশনে জাতীয় পার্টির বিভিন্ন অংশের নামে চারটি দল নিবন্ধিত রয়েছে। ২০১৯ সালের এরশাদের মৃত্যুর আগে জাতীয় পার্টি বার বার ভাঙলেও লাঙ্গলের নিয়ন্ত্রণ ছিল এরশাদের হাতেই। তবে এরশাদের মৃত্যুর পর জাতীয় পার্টিতে জিএম কাদের ও রওশনপন্থীদের মধ্যে টানাপড়েন চলছেই। জিএম কাদেরের হাতে দলীয় নেতৃত্ব থাকলেও গত চার বছরে বেশ কিছু নির্বাচনে দলীয় প্রার্থী মনোনয়ন দিয়েছিলেন এরশাদ পত্নী রওশন এরশাদ। কিন্তু তা গঠনতন্ত্র অনুযায়ী না হওয়ায় সে সব মনোনয়ন বাতিল করে নির্বাচন কমিশন। দ্বাদশ জাতীয় নির্বাচনে দলের ভরাডুবির পর রওশনপন্থীরা চেয়ারম্যান জিএম কাদের ও মহাসচিব মুজিবুল হক চুন্নুকে অব্যাহতি দিয়ে চিঠি দেয় নির্বাচন কমিশনে। পরে নির্বাচন কমিশন তাদের চিঠি দিয়ে জানায়, তাদের অপসারণ প্রক্রিয়া গঠনতন্ত্র অনুযায়ী না হওয়ায় ওই আবেদন নামঞ্জুর করা হয়েছে। এরপরই গত শনিবার আনুষ্ঠানিকভাবে সম্মেলন করে নতুন কমিটি ঘোষণা করেন রওশনপন্থীরা। নতুন চেয়ারম্যানের দায়িত্ব নিয়ে রওশন এরশাদ দাবি করেন দলীয় প্রতীক লাঙ্গল তার। শনিবার রওশন এরশাদ বক্তৃতায় বলেন, "১৯৯৬ সালের নির্বাচনের পর লাঙ্গল প্রতীক ধরে রাখতে আদালতে দাঁড়াতে হয়েছিল। সুপ্রিম কোর্ট সেই সময় এরশাদ ও আমাকে লাঙ্গল প্রতীক দিয়েছিলেন। এখনও লাঙ্গল জাতীয় পার্টির আছে, আগামীতেও থাকবে।"
তবে মুজিবুল হক চুন্নু বিবিসি বাংলাকে বলেন, "আগে ভাঙার পর যা হয়েছে, এবারো নতুন কিছু হবে না। যারা দল নিয়ে এগুলো করছে তারা হয়তো আমাদের চাপে ফেলার জন্য করতে পারে। আমরা দলীয়ভাবে সব নির্বাচনে লাঙ্গল প্রতীকের প্রার্থী মনোনয়ন দেই। সামনেও দেবো।" জাতীয় পার্টির জিএম কাদের অংশ বলছে, দলের মূল অংশ হিসেবে তারাই নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ রাখছেন। সে সব তথ্য নির্বাচন কমিশনের তথ্য ভাণ্ডারে আছে। তাদের বক্তব্য, চাইলেই কেউ নির্বাচন কশিনের নিয়ম ভাঙতে পারবে না। নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বিবিসি বাংলাকে বলেন, "দলীয় প্রতীক বরাদ্দ কিংবা যে কোনও বিষয়ে সিদ্ধান্ত দিতে গঠনতন্ত্রে যে কয়জন প্রেসিডিয়াম মেম্বারের সাপোর্ট লাগে সেই অনুযায়ী যদি রওশনপন্থীরা তথ্য জমা দেন তাহলে নির্বাচন কমিশন তার আইন অনুযায়ী বিবেচনা করবে।" (বিবিসি ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ রিহাব)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিলম্বে যাওয়া পরীক্ষার্থী সংখ্যা ও অন্যান্য প্রশ্ন নিয়ে যা বলছে কর্তৃপক্ষ

বাংলাদেশের রেল কর্তৃপক্ষ বলছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশ নিতে নির্ধারিত সময়ে ট্রেনে উঠেও গন্তব্যে পৌঁছাতে যে অনিশ্চয়তা তৈরি হয়েছিলো পাঁচই মার্চ, তার মূল কারণ ছিলো রেললাইনের ত্রুটিজনিত কারণে আগের রাতে ট্রেনটির ঢাকায় আসতে বিলম্ব হওয়া এবং যাত্রার দিন ইঞ্জিনে হঠাৎ ত্রুটি দেখা দেয়া। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে, ট্রেনে রাজশাহী পৌঁছানোর পর কেউ কেউ বিলম্বে পরীক্ষার হলে প্রবেশ করলেও কেউ কেন্দ্রে গিয়েও পরীক্ষা দিতে পারেনি এমন কোন তথ্য তাদের জানা নেই। গত সপ্তাহে রেলের একজন কর্মকর্তার 'বিশেষ উদ্যোগের সুবাদে' শিক্ষার্থীদের রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পৌঁছানোর খবর ভাইরাল হয়। তবে পরে এ নিয়ে অনেকে সংবাদ প্রকাশ করার পর, পরীক্ষার্থী সংখ্যা এবং তারা সবাই পরীক্ষায় অংশ নিতে পেরেছেন কি না সামাজিক মাধ্যমে এমন প্রশ্নও তুলেছেন অনেকে। তবে গত পাঁচই মার্চ ট্রেনের বিলম্বের কারণে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে পারেননি- এমন তথ্য বিশ্ববিদ্যালয়ের জানা নেই বলে জানিয়েছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের প্রশাসক অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে। তিনি ভর্তি পরীক্ষার ব্যবস্থাপনার সঙ্গেও জড়িত। দেশের অন্যতম বড় পাবলিক বিশ্ববিদ্যালয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবার মোট একক আবেদনকারী ছিলো এক লাখ ৫৪ হাজার ৯৭৭ জন। এদের মধ্যে অনেকে একাধিক ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে এ ইউনিটে ৯১ শতাংশ, বি ইউনিটে ৯০ শতাংশ এবং সি ইউনিটে ৮২ শতাংশ আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে বলে জানিয়েছেন অধ্যাপক পাণ্ডে। বিবিসি বাংলাকে তিনি বলছিলেন, "স্পেসিফিক সংখ্যা আমরা হিসেব করিনা। আর সাধারণত কিছু শিক্ষার্থী ইতোমধ্যেই অন্যত্র ভর্তি হয়ে যাওয়াসহ বিভিন্ন কারণে প্রতিবছরই আবেদনকারী ও পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যায় এমন পার্থক্য থাকে।"
পাঁচই মার্চ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তিনটি ইউনিটে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা ছিলো। মূলত পাঁচ, ছয় এবং সাতই মার্চ তিনদিনের ভর্তি পরীক্ষায় অংশ নিতে পাঁচই মার্চ মঙ্গলবার ভোরের ধূমকেতু এক্সপ্রেস ট্রেনে ওঠেছিলো বহু শিক্ষার্থী ও তাদের অভিভাবক। ছয়ই মার্চের বিভাগের অন্য পরীক্ষায় অংশ নেয়ার জন্য মঙ্গলবারের ট্রেনে ছেলেকে নিয়ে উঠেছিলেন দেবাশীষ ঘোষ। মি. ঘোষ বিবিসিকে জানিয়েছেন, ট্রেনটি যাত্রী ভর্তি ছিলো এবং আপাত দৃষ্টিতে তার কাছে বেশীরভাগই তার ছেলের মতো পরীক্ষার্থী মনে হয়েছে, যাদের অনেকের সাথে অভিভাবকেরাও ছিলো বলে মনে হয়েছে

তার কাছে। তবে পাঁচই মার্চ বিকেলে পরীক্ষার কতজন শিক্ষার্থী ওই ট্রেনে ছিলো তার সঠিক সংখ্যা রেলওয়ে ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কেউই দিতে পারেনি। বিশ্ববিদ্যালয় বলছে, এটি জানা তাদের পক্ষে সম্ভবও নয়। "এটি বলা কঠিন কারা কীভাবে আসছে। তবে যেহেতু রেল কর্তৃপক্ষ নিজেরাই উপাচার্যকে জানিয়েছে সে হিসেবে সাতশো জনের কথা আসছে। আমাদের এখানে যতগুলো হল তার চারটি আমি নিজেই দেখেছি। তাই মোট সংখ্যা হয়তো এমনই বা কাছাকাছি হতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন অধ্যাপক প্রবীর কুমার পাণ্ডে। যদিও ১২৫ জনের একটি তথ্য উপাচার্য দিয়েছেন, যারা নিজেরাই কয়েকটি হলে (পরীক্ষার) এসে দেরীর কারণ হিসেবে ট্রেনে আসার কথা জানিয়েছিলো বলে জানান তিনি। ধূমকেতু এক্সপ্রেস সেদিন সকাল ছয়টায় রাজশাহীর উদ্দেশ্যে রওনা দিয়ে বেলা ১২টার আগেই গন্তব্যে পৌঁছানোর কথা ছিলো। কিন্তু আগের রাতে ওই ট্রেনটি সিল্ক সিটি এক্সপ্রেস নামে ঢাকায় আসার সময় রেললাইনে ত্রুটির কারণে বিলম্ব হয়। সেই দেরির কারণে ঘটনার দিন সকালে সময়মত যাত্রার প্রস্তুতিতে বিলম্ব হয় এবং পাশাপাশি হঠাৎ এর ইঞ্জিনেও ত্রুটি দেখা দেয় বলে জানিয়েছেন রেলওয়ের পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক অসীম কুমার তালুকদার। "কমিউনিকেশন্স লিংক ফেইলিওর। অর্থাৎ লাইনে ত্রুটির কারণে সমস্যাটি হয়েছিলো। আর ট্রেনটি ছাড়ার সময় বা পরে ইঞ্জিনে ত্রুটি রেলের অনেক সময় হয়। সারাতে কখনো সময় কম লাগে, কখনো বেশি লাগে। তবে কাছাকাছি ইঞ্জিন থাকলে দ্রুত রিপ্লেস করে নেয়া হয়। যাত্রাপথে হলে নতুন করে ইঞ্জিন আনতে হয়তো সময় লাগে," বলছিলেন তিনি।

প্রসঙ্গত, বাংলাদেশে ট্রেনের যাত্রা ও গন্তব্যে পৌঁছাতে বিলম্বের অভিযোগ অহরহই শোনা যায়। পাঁচই মার্চ মঙ্গলবার সকালে তিন ঘণ্টা বিলম্বের কারণে বেলা সাড়ে তিনটায় রাজশাহী পৌঁছে পরীক্ষা দেয়া কঠিন হবে - মনে করে হৈ চৈ শুরু করলে, রেলের গার্ডরা বিষয়টি কর্তৃপক্ষকে জানায়। বিবিসিকে রেল কর্মকর্তা মি. তালুকদার বলেছেন, "ছাত্ররা গার্ডকে জানায় যে যেভাবেই হোক তিনটার মধ্যেই তাদের পৌঁছানো যাবে কী-না। আমরা জানতে চেয়েছিলাম কত শিক্ষার্থী আছে ট্রেনে। তারা গার্ডদের মাধ্যমে জানায় যে সাতশোর মতো আছে। গার্ডরাও ট্রেন ঘুরে আমাদের একই ধারণা দেয়ার পর আমরা এ নিয়ে কাজ শুরু করেছিলাম।" এরপরে মি. তালুকদার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে বিষয়টি জানান এবং পরীক্ষাটি কিছুক্ষণ পেছানোর ব্যবস্থা করা যায় কী-না অনুরোধ করেন। পরে উপাচার্যের নির্দেশে অধ্যাপক পাণ্ডের সাথে দফায় দফায় যোগাযোগ ও কথা হয় রেল কর্মকর্তার। "১১ বার কথা বলেছি আমরা। উপাচার্য খুব চাইছিলেন, ওরা যেন পরীক্ষাটা দিতে পারে। তাই প্রতি হলে মৌখিক নির্দেশনা দিয়েছিলেন যে ট্রেনের শিক্ষার্থীরা আসলে, হলগুলোতে যেন তারা প্রবেশ করতে পারে," বলছিলেন অধ্যাপক পাণ্ডে। ভর্তি পরীক্ষা শুরুর ১৫ মিনিট পর সাধারণ কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশের অনুমতি দেয় না বিশ্ববিদ্যালয়গুলো। "তবে পাঁচই মার্চের পরীক্ষায় সেটি শিথিল করা হয়েছিলো এবং যারা এসেছে তারা পরীক্ষা দিতে পেরেছে। কেউ এসেছে, কিন্তু পরীক্ষা দিতে পারেনি - এমন তথ্য আমাদের জানা নেই," বলেন অধ্যাপক পাণ্ডে। মঙ্গলবার ধূমকেতু এক্সপ্রেস ট্রেনটি তিন ঘণ্টা বিলম্বে সোয়া নয়টায় ঢাকা ছেড়ে রওনা হয়। ভেতরে উদ্বিগ্ন পরীক্ষার্থীরা আর বিভিন্ন স্টেশনের উদ্দেশ্যে রওনা দেওয়া অন্য যাত্রীরা ছিলো। অথচ রাজশাহীতে এর পৌঁছানোর কথা ছিলো বেলা ১২টার আগেই।

ট্রেনটি জয়দেবপুর ছাড়ার পর পুরোপুরি পশ্চিমাঞ্চলের দায়িত্বে এলে মি. তালুকদার পরীক্ষার্থীদের বিষয়টি নিয়ে যোগাযোগ করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে। এরপর উপাচার্য ভর্তি কমিটির সাথে সভা করেন এবং একই সঙ্গে রেল কর্মকর্তাদের অগ্রগতি সম্পর্কে বারে বারে জানাতে নির্দেশনা দেন। এদিকে ট্রেন এগিয়ে চলছিল। কিন্তু সিরাজগঞ্জের উল্লাপাড়া পৌঁছানোর পর সোয়া তিন ঘণ্টা বিলম্বে রওনা দেওয়া ট্রেনটির ইঞ্জিন আবার বিকল হয়ে পড়ে। কর্মকর্তারা তখন আশেপাশে কাছাকাছি কোথায় ভালো ইঞ্জিন আছে কী-না খুঁজতে শুরু করেন। মি. তালুকদার বলছিলেন, "ট্রেনের চাকাই জ্যাম হয়ে গিয়েছিলো, নড়ানোই যাচ্ছিল না। পরে ঈশ্বরদী থেকে অন্য একটি ট্রেনের ইঞ্জিন এগুতে বললাম। তবে দুটি ইঞ্জিন নিয়ে ওই লাইনে ব্রিজ থাকায় ট্রেন চালানো যায় না।" এর মধ্যে কর্মকর্তারা হিসেব করে দেখেন যে ওই অবস্থায় নতুন ইঞ্জিন এনে সেটি জোড়া দিয়ে যাত্রা শুরু করে রাজশাহী পৌঁছালেও ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবে না শিক্ষার্থীরা। এর মধ্যে চিলাহাটি এক্সপ্রেস নামের আরেকটি ট্রেন উত্তরবঙ্গ থেকে ঢাকার উদ্দেশ্যে রওনা দিয়ে সেখানে পৌঁছালে সেই ট্রেনের ইঞ্জিন শিক্ষার্থীদের বহনকারী ধূমকেতু এক্সপ্রেসের সাথে সংযুক্ত করা হয়। ট্রেনের ভিতরে মাইকিং করে অন্য যাত্রীদের বলা হয় পরবর্তী স্টেশনে বা একেবারে রাজশাহী গিয়ে নামতে যাতে ট্রেনকে মাঝপথে আর দাঁড়াতে না হয়। এরপর স্বাভাবিকের চেয়ে বেশী গতি বাড়িয়ে বেলা তিনটা ৩৮ মিনিটে ট্রেনটি রাজশাহী পৌঁছায়। সেখানে নেমেই শিক্ষার্থী দ্রুত যার যার পরীক্ষা কেন্দ্রে যাওয়ার চেষ্টা করে। "ট্রেন পৌঁছানোর পর কেউ কেউ তিন চার মিনিটের মধ্যে হলে এসে পড়ে। কারও কারও হয়তো ১০-১৫ মিনিট লেগেছে। কিন্তু আমাদের জানা মতে এখানে আসার পর কেউ পরীক্ষা মিস করেনি," বিবিসি বাংলাকে বলছিলেন অধ্যাপক প্রবীর কুমার পাণ্ডে।
(বিবিসি ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### কোস্ট গার্ডকে ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা হবে : শেখ হাসিনা

বাংলাদেশর প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার নতুন প্রযুক্তি ও আধুনিক সরঞ্জাম সংযোজনের মাধ্যমে বাংলাদেশ কোস্ট গার্ডকে (বিসিজি) একটি ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তুলবে। রবিবার (১০ মার্চ) রাজধানী ঢাকার

আগারগাঁওয়ে, কোস্ট গার্ডের ২৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। আমরা ইতোমধ্যে ২টি হেলিকপ্টার ক্রয়ের মাধ্যমে এভিয়েশন উইং গঠনের নীতিগত অনুমোদন দিয়েছি, যা কোস্ট গার্ডকে ত্রিমাত্রিক বাহিনী হিসবে গড়ে তুলবে;" জানান শেখ হাসিনা। তিনি বলেন, সরকার সম্প্রতি বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য ৯টি প্রতিস্থাপন জাহাজ নির্মাণের জন্য একটি নতুন প্রকল্প অনুমোদন করেছে। সমুদ্রভিত্তিক পেশা ও নৌপথে নিয়োজিত জনসাধারণের নিরাপত্তার জন্য, গভীর সমুদ্রে টহলের জন্য কোস্ট গার্ডকে আরো ৪টি ওপিভি, ২টি মেরিটাইম ভার্সন হেলিকপ্টার সংগ্রহের অনুমোদন দেয়া হয়েছে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশ কোস্ট গার্ডকে আধুনিক ও শক্তিশালী করার লক্ষ্যে খুব শিগগিরই এ বাহিনীতে যুক্ত হতে যাচ্ছে উন্নত প্রযুক্তির জাহাজ, মেরিটাইম সার্ভেইল্যান্স সিস্টেম, হোভারক্রাফট ও দ্রুতগতির বোট;" শেখ হাসিনা আরো বলেন। তিনি বলেন, আধুনিক প্রযুক্তিসম্পন্ন এসব জাহাজ সংযোজন এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে এই বাহিনী একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় আরো সক্ষমতা অর্জন করবে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সমুদ্রে 'নীল অর্থনীতি' ও নিরাপত্তা নিশ্চিত করতে, এ বাহিনীর আধুনিকায়নের লক্ষ্যে, রূপকল্প ২০৩০ ও রূপকল্প ২০৪১ অনুযায়ী পর্যায়ক্রমে বর্তমান জনবল ১৫ হাজারে উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে জানান শেখ হাসিনা। স্মার্ট বাংলাদেশ গড়তে এ বাহিনী বিশেষ ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস;" বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী।
(ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## সাংবাদিককে কারাদণ্ডের ঘটনার সুষ্ঠু তদন্তে জোর দিয়েছেন তথ্য প্রতিমন্ত্রী আরাফাত

বাংলাদেশের শেরপুর জেলার নকলা উপজেলায় ভ্রাম্যমান আদালতের মাধ্যমে এক সাংবাদিককে কারাদণ্ড দেয়ার ঘটনার সুষ্ঠু তদন্তে জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে আবেদন করার কারণে দৈনিক দেশ রূপান্তরের শেরপুর জেলার নকলা উপজেলা সংবাদদাতা শফিউর রহমান রানাকে কারাদণ্ড প্রদানের ঘটনা ঘটে। তথ্য প্রতিমন্ত্রী এ বিষয়ে প্রধান তথ্য কমিশনার মো. আব্দুল মালেকের সঙ্গে কথা বলেন এবং বিষয়টি সম্পর্কে খোঁজ-খবর নেন। এ সময় ঘটনার সুষ্ঠু তদন্তের ওপর জোর তিনি। বিষয়টি নিয়মিত পর্যবেক্ষণ করছেন বলে জানান প্রতিমন্ত্রী। তথ্য প্রতিমন্ত্রী ঘটনার খোঁজ নিলে, প্রধান তথ্য কমিশনার প্রতিমন্ত্রীকে জানান, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী উক্ত বিষয়ে তদন্তের জন্য তথ্য কমিশনার শহীদুল আলম ঝিনুক ১০ মার্চ শেরপুর জেলার নকলা উপজেলা ও সংশ্লিষ্ট এলাকায় যাবেন। সোমবার (১১ মার্চ) তথ্য কমিশনে তার প্রতিবেদন জমা দেয়ার কথা রয়েছে বলে প্রতিমন্ত্রীকে অবহিত করেন প্রধান তথ্য কমিশনার। গত ৭ মার্চ একটি জাতীয় দৈনিকের প্রথম পৃষ্ঠায়, 'তথ্য চেয়ে আবেদন করে দেশ রূপান্তরের সাংবাদিক জেলে' শিরোনামে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে, তথ্য কমিশন থেকে তথ্য অধিকার আইনের ২৫(৫) ধারা অনুযায়ী বিষয়টি তদন্তের জন্য তথ্য কমিশনার শহীদুল আলম ঝিনুককে দায়িত্ব দেয়া হয়। প্রকাশিত সংবাদে বলা হয়, শেরপুর জেলার নকলা উপজেলার সংবাদদাতা শফিউজ্জামান রানা একই উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে তথ্য অধিকার আইনে তথ্য চেয়ে আবেদন করেন। এ কারণে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাকে ছয় মাসের কারাদণ্ড দেয়া হয়েছে বলে তার পরিবার অভিযোগ করেছে। (ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## ভবনের অগ্নি নিরাপত্তা অভিযানের নামে হয়রানি করা হচ্ছে, অভিযোগ রেস্তোরাঁ মালিকদের

বাংলাদেশের রাজধানী ঢাকার বেইলি রোডে, গ্রিন কোজি কটেজ ভবনে অগ্নিকাণ্ডের পর যথাযথ অগ্নি নিরাপত্তা ব্যবস্থা না থাকা রেস্তোরাঁগুলোর বিরুদ্ধে অভিযান শুরু করেছে কর্তৃপক্ষ। এই অভিযানকে 'লোক দেখানো ও হয়রানি' বলে অভিযোগ করেছেন রেস্তোরাঁ মালিকরা। বেইলি রোডের আগুনের পর, ধানমন্ডি, গুলশান, খিলগাঁও, মিরপুরসহ বিভিন্ন এলাকায় একই রকম অনিরাপদ পরিবেশে ভবনজুড়ে রেস্তোরাঁ গড়ে তোলার বিষয়টি আলোচনায় আসে। রেস্তোরাঁ মালিক সমিতির অভিযোগ, এসব অভিযানে সমন্বয় নেই। সরকারি সংস্থাগুলো যে যার মতো অভিযান চালাচ্ছে। চলমান এসব অভিযানকে 'হয়রানি' ও 'লোক দেখানো অভিযান' বলে দাবি করেছেন তারা। এ বিষয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অফ প্ল্যানার্সের (বিআইপি) সভাপতি অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান বলেন, "দুর্ঘটনার পর বিচ্ছিন্ন অভিযান কাম্য নয়। এসব অভিযান তো নিয়মিত পরিচালনা করার কথা ছিলো। সমস্যা সমাধানে সমন্বিত অভিযান প্রয়োজন। অন্যথায় এ ধরনের অভিযান নিয়ে প্রশ্ন উঠবে।" কোনো ভবন ত্রুটিপূর্ণ থাকলে রাজধানী উন্নয় কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট ব্যক্তিদের দায় রয়েছেন বলে উল্লেখ করেন তিনি। বলেন, "এভাবে ভবনে অভিযান হলে, আগে তো দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা ও ভবন মালিকের গ্রেপ্তার হওয়ার কথা।" "ওই অবৈধ ভবন ভাড়া নিয়ে রেস্তোরাঁ গড়ে তোলা মালিক এরপর আসবে। কিন্তু, ভবনে ত্রুটির দায়ে তাদের গ্রেপ্তার না করে একজন রেস্টুরেন্টকর্মীকে গ্রেপ্তার বা আটক করা অন্যায়। কেননা তারা এই প্রক্রিয়ার কোনো অংশই নয়। তাদের বলির পাঁঠা বানিয়ে দায়ীদের বাঁচিয়ে দেয়ার জন্য এটা একটা প্রক্রিয়া;" বলেন অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান। এ বিষয়ে রেস্তোরাঁ মালিক সমিতির মহাসচিব ইমরান হাসান বলেন, "বিভিন্ন মন্ত্রণালয়ে বারবার চিঠি দেয়া হলেও, আমাদের কোনো সহযোগিতা করা হয়নি। বর্তমান সংকট সমাধানে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ চাই। তার কাছে আমরা বিষয়টি জানাতে চাই। তিনি যদি মনে করেন আমরা দোষী, তাহলে আমরা সব বন্ধ করে দেবো।" "আমাদের ত্রুটি-বিচ্যুতি অবশ্যই আছে। তাই বলে কি সব বন্ধ করে দেয়া লাগবে? সব সেক্টরের ত্রুটি-বিচ্যুতি আছে, তার মানে তো এই নয় যে, সব বন্ধ করে দেবেন। এসব অভিযান লোক

দেখানো। আসল জায়গায় কেউ হাত দেয় না। এই ব্যর্থতার দায় কেউ নেবে না। আমরা মালিক সমিতি হিসেবেও ব্যর্থ হয়েছি;” তিনি আরো বলেন। অভিযানে কতটি রেস্তোরাঁ বন্ধ করা হয়েছে জানতে চাইলে মহাসচিব জানান, এখন পর্যন্ত ঢাকায় ৪০টি রেস্তোরাঁ বন্ধ করে দেয়া হয়েছে। একটি রেস্তোরাঁয় বিভিন্ন সংস্থার ১২টি লাইসেন্স থাকার পরও তা বন্ধ করে দেয়া হয়েছে। এই অভিযানের মাধ্যমে জুলুম করা হচ্ছে বলে উল্লেখ করেন তিনি। দেশে কতগুলো রেস্টুরেন্ট আছে এবং কর্মসংস্থান সংখ্যা কত হবে চাইলে ইমরান হাসান জানান, বর্তমানে দেশে ৪ লাখ ৮১ হাজার রেস্তোরাঁ রয়েছে। সেখানে ৩০ লাখ মানুষের কর্মসংস্থান হয়েছে। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ২ কোটি মানুষ এ পেশার ওপর নির্ভরশীল। ইমরান হাসান আরো বলেন, “এই ক্ষতি আমরা কীভাবে পোষাব। দিনের পর দিন, বছরের পর বছর ধরে আমরা যে ইমেজ তৈরি করেছি, তা নষ্ট করে দেয়া হচ্ছে।” হয়রানি না করে টাস্কফোর্স গঠন করে রেস্তোরাঁ ব্যবসা চালু রাখার ব্যবস্থা নিতে আহবান জানান তিনি। রেস্তোরাঁ সেক্টরে এই প্রথম এত বড় দুর্ঘটনা হয়েছে। তবে এটাই শেষ দুর্ঘটনা হওয়া উচিত বলে মন্তব্য করেন ইমরান হাসান। একই সঙ্গে সবাইকে একটি নীতিমালার আওতায় নিয়ে আসার দাবি জানান তিনি। এদিকে গত সপ্তাহে জাতীয় সংসদে অননুমোদিত ঝুঁকিপূর্ণ ভবনগুলোতে অভিযান কার্যক্রমে সমন্বয়হীনতা নিয়ে অভিযোগ করেন বিরোধী দলীয় চিফ হুইপ মুজিবুল হক চুন্নু। তিনি বলেন, “সরকারের কোন সংস্থা গিয়ে কোন ভবন ভাঙবে, তা নিয়ে প্রতিযোগিতা শুরু হয়ে গেছে।” রাজউক চেয়ারম্যান আনিছুর রহমান মিঞা বলেন, আগামী ১০ দিনের মধ্যে ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা তৈরি করা হবে। চিহ্নিত ভবনের প্রবেশমুখে ঝুঁকিপূর্ণ নোটিশ টাঙিয়ে দেয়া হবে। পাশাপাশি, সেবা সংস্থাগুলোর সঙ্গে সমন্বয় করে ঝুঁকিপূর্ণ ভবনে বিদ্যুৎ, গ্যাস ও পানির সংযোগ বন্ধ করে দেয়ার উদ্যোগ নেওয়া হবে বলে জানান তিনি। আনিছুর রহমান মিঞা আরো বলেন, রাজউক ভবন নির্মাণে অনুমোদন দিলেও, এরপর সেখানে ট্রেড লাইসেন্স, ফায়ার সার্ভিসের সনদ, কলকারখানা অধিদপ্তরের সনদ নিয়ে রেস্টুরেন্ট পরিচালনা করতে হয়। তাই রাজউক চাইলে একা এখানে কিছু করতে পারবে না। সংশ্লিষ্ট সংস্থাগুলোর সমন্বিত উদ্যোগ নিতে হবে। (ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## পরলোকে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম; শেখ হাসিনার শোক প্রকাশ

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেস সচিব ইহসানুল করিম মারা গেছেন। রবিবার (১০ মার্চ) রাত ৮টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। প্রধানমন্ত্রীর উপ প্রেস সচিব এম এম ইমরুল কায়েস এ তথ্য নিশ্চিত করেছেন। প্রেস সচিব ইহসানুল করিমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এক শোকবার্তায় তিনি মরহুমের বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। শোক বার্তায় শেখ হাসিনা বলেন, “প্রেস সচিব হিসেবে তিনি অত্যন্ত সততা, দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। দীর্ঘ সাংবাদিকতার ক্যারিয়ারে তিনি রাষ্ট্রপতির প্রেস সচিব, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালকসহ অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তার মৃত্যুতে দেশের গণমাধ্যম হারালো একজন প্রিয় সহকর্মীকে; আর; আমি হারালাম একজন বিশ্বস্ত কর্মকর্তাকে।” প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিমের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। তিনি বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। শোকবার্তায় ইহসানুল করিমের দায়িত্বপূর্ণ কর্মজীবনের কথা স্মরণ করেন হাছান মাহমুদ। (ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## নারীর রাজনৈতিক নেতৃত্বের অগ্রগতির জন্য অর্থনৈতিক ক্ষমতায়ন জরুরি

নারীর রাজনৈতিক নেতৃত্বের অগ্রগতির জন্য অর্থনৈতিক ক্ষমতায়ন জরুরি; একথা বলেছেন, ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল আয়োজিত সম্মেলনে অংশ নেয়া প্রতিনিধিরা। রবিবার (১০ মার্চ) ঢাকার একটি হোটেলে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে এই সম্মেলনের আয়াজন করা হয়। এতে প্রধান তিন রাজনৈতিক দল; আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির শতাধিক নারী নেত্রী অংশগ্রহণ করেন। বাংলাদেশের রাজনৈতিক অগ্রযাত্রায় নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন আলোচকরা। এই সম্মেলনের শিরোনাম ছিলো, নারীর রাজনৈতিক নেতৃত্বের অগ্রগতির জন্য অর্থনৈতিক ক্ষমতায়ন। সম্মেলনের শুরুতে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের প্রিন্সিপাল ডিরেক্টর ড. আবদুল আলীম বৈশ্বিক বিশ্লেষণ তুলে ধরেন। আর্থিক স্বাধীনতা নারীর রাজনৈতিক অংশগ্রহণকে কিভাবে উৎসাহিত করে, সে বিষয়ে আলোকপাত করেন তিনি। বিশ্লেষণ করেন, কিভাবে নারীর অংশগ্রহণ রাজনৈতিক দলগুলোকে শক্তিশালী করে। বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নারী প্রার্থীদের সম্পদের বিবরণ বিশ্লেষণ করে ড. আলীম উল্লেখ করেন যে, তুলনামূলকভাবে উচ্চ আয় ও সম্পদশালী প্রার্থীরা রাজনৈতিক অংশগ্রহনের বাধা অতিক্রম করতে এবং তাদের দলের মধ্যে আরো সুযোগ সুরক্ষিত করতে বেশি সক্ষম। মূল প্রবন্ধে রাজনৈতিক দল, নির্বাচন কমিশন এবং নারীর অংশগ্রহণ বাড়াতে সরকারের উদ্যোগের জন্য সুপারিশ তুলে ধরা হয়। যুক্তরাজ্য ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এর (এফসিডিও) সহায়তায়, ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল, বাংলাদেশের দলগুলোর মধ্যে অভ্যন্তরীণ গণতন্ত্র জোরদার এবং আন্তঃদলীয় সহনশীলতা ও সহযোগিতা জোরদার করার লক্ষ্যে, একটি প্রকল্প বাস্তবায়ন করছে। রাজনৈতিক দল, নাগরিক সমাজ এবং গণমাধ্যমের অংশগ্রহণকারীদের নিয়ে অনুষ্ঠিত প্যানেল আলোচনায়, লিঙ্গ সমতা প্রচার এবং রাজনীতিতে নারীর অংশগ্রহণ বাড়ানোর কৌশলগত পরিকল্পনার প্রস্তাব পাওয়া

যায়। প্যানেল আলোচনায় অংশ নেন; বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির গবেষণা ও তথ্য বিষয়ক সম্পাদক সেলিম মাহমুদ; বাংলাদেশ জাতীয়তাবাদী দলের জাতীয় নির্বাহী কমিটির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল; জাতীয় পার্টির ভাইস চেয়ারম্যান ও কোষাধ্যক্ষ আহসান আদেলুর রহমান; অ্যারোমা দত্ত এমপি, ব্রতী সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক শারমিন মুরশিদ। ড. সেলিম মাহমুদ বলেন, নারীর জন্য বিনিয়োগ একটি সামগ্রিক বিষয়, শুধু নারীকে অর্থ দিলেই হবে না, সেই অর্থ ব্যয় করার জন্য ব্যবস্থাপনা জ্ঞান থাকতে হবে। অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল সম্মেলনে নারী প্রার্থীদের জামানত বাজেয়াপ্ত হওয়ার বিধান বাতিলের প্রস্তাবকে সমর্থন জানান। তিনি বলেন, এ বিষয়ে গণমাধ্যমকে সম্পৃক্ত করা উচিত। জাতীয় পার্টির ভাইস চেয়ারম্যান ও কোষাধ্যক্ষ আহসান আদেলুর রহমান বলেন, দলীয় মনোনয়নে ৩৩ শতাংশ নারী মনোনয়নের বাধ্যবাধকতা নির্বাচন কমিশনকে নিশ্চিত করতে হবে। অ্যারোমা দত্ত বলেন, নারীর অর্থনৈতিক কর্মকাণ্ড কতদূর এগিয়েছে তা দেখার ক্ষেত্র হলো নারীর ক্ষমতায়ন। নারী-পুরুষের ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরেন ব্রতী সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক শারমিন মুরশিদ। তিনি বলেন, এগিয়ে যেতে বেশি সংগ্রাম করতে হয় নারীদের। এক দশকেরও বেশি সময় ধরে ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল বাংলাদেশে নারীর রাজনৈতিক ক্ষমতায়নের বিষয়ে 'নারীর জয়, সবার জয়' প্রচারণায় নেতৃত্ব দিচ্ছে। এই প্রচারাভিযান দেশব্যাপী ২০ হাজারের বেশি নারী নেত্রী নিয়ে একটি বৈচিত্র্যময় বহু-দলীয় নেটওয়ার্ক গড়ে তুলেছে। (ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## কাউন্টার-ট্রেড ব্যবস্থা চালু করলো বাংলাদেশ ব্যাংক

কাউন্টার-ট্রেড ব্যবস্থার মাধ্যমে আমদানি ও রপ্তানি লেনদেন নিষ্পত্তির জন্য নতুন নীতিমালা ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। রবিবার(১০ মার্চ) বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করে এবং তাৎক্ষণিক বাস্তবায়নের জন্য সব বাণিজ্যিক ব্যাংকের শীর্ষ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাছে পাঠিয়েছে। কাউন্টার-ট্রেড আন্তর্জাতিক বাণিজ্যের একটি পারস্পরিক বিনিময় পদ্ধতি; এই পদ্ধতির মাধ্যমে পণ্য বা পরিষেবাগুলো নগদ মুদ্রার পরিবর্তে, অন্যান্য পণ্য বা পরিষেবার জন্য বিনিময় করা হয়। এতে, বৈদেশিক মুদ্রা ছাড়া, পণ্যের বিনিময়ে পণ্য নীতির ভিত্তিতে আমদানি-রপ্তানি করা যায়। অর্থাৎ, বিদেশে কোনো কোম্পানি থেকে ১০০ ডলার মূল্যের পণ্য আমদানি করে, ঐ কোম্পানির কাছে টাকা পরিশোধ না করে, একই মূল্যের আরেকটি পণ্য রপ্তানি করা যাবে । এসব লেনদেনে বৈদেশিক মুদ্রা বা ডলারের প্রয়োজন হবে না। নতুন নীতিমালা অনুযায়ী, কাউন্টার-ট্রেড পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া পণ্যের দামের সঙ্গে বাংলাদেশে আমদানি করা পণ্যের দাম সমন্বয় করা যাবে। এক্ষেত্রে, বাংলাদেশের রপ্তানিকারক, আমদানিকারক বা ব্যবসায়ীরা কাউন্টার-ট্রেড প্রক্রিয়ায় আমদানি ও রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য বিদেশি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করতে পারেন। স্থানীয় ব্যাংক, বিদেশি প্রতিষ্ঠানের নামে বা বাংলাদেশি ব্যবসায়ীদের সঙ্গে যৌথভাবে দেশে এসক্রো অ্যাকাউন্ট পরিচালনা করবে। এর মাধ্যমে স্থানীয় আমদানিকারকের কাছ থেকে প্রাপ্ত আমদানি মূল্য জমা দেয়া হবে। বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া পণ্যের মূল্য, আমানতের স্থিতির বিপরীতে স্থানীয় রপ্তানিকারককে পরিশোধ করা হবে। এসক্রো হিসাবের অবস্থা নির্দিষ্ট সময়ে তাদের সঙ্গে সমন্বয় করার জন্য বিদেশি প্রতিষ্ঠানগুলোর সঙ্গে নিয়মিত যোগাযোগ করা হবে। নীতিমালায় বলা হয়েছে, বাংলাদেশি ব্যবসায়ীরা বিদেশি ব্যবসায়ীদের মতো বিদেশি ব্যাংকে এসক্রো হিসাব পরিচালনা করতে চাইলে বাংলাদেশ ব্যাংকের অনুমতি নিতে হবে। (ভোয়া ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## শেখ হাসিনার হাতেই দেশের গণতন্ত্র নিরাপদ, এটা প্রমাণিত : কাদের

বাংলাদেশ প্রধানমন্ত্রী হাসিনার হাতেই গণতন্ত্র নিরাপদ বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এদিকে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, গায়ের জোরে ক্ষমতায় এসে জনগণের মৌলিক অধিকার কেড়ে নিয়েছে ক্ষমতাসীন সরকার। এ সম্পর্কে বিস্তারিত জানিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :

বাংলাদেশের রাজনীতিতে প্রমাণ হয়েছে, শেখ হাসিনার হাতেই দেশের গণতন্ত্র নিরাপদ। এমন মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, বিএনপি তা বুঝতে ব্যর্থ হওয়ায়, রাজনীতি থেকে ক্রমেই জনবিচ্ছিন্ন হয়ে পড়ছে। আজ (রোববার) দুপুরে রাজধানীর ধানমন্ডিতে দলীয় সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। ওবায়দুল কাদের জানান, দেশের রাজনৈতিক বাস্তবতায় নেতিবাচক রাজনীতির জন্য ক্রমেই জনগণ থেকে নিজেদের বিচ্ছিন্ন করে ফেলছে বিএনপি। আগামীতে তার মাসুল দিতে হবে বলেও মনে করেন আওয়ামী লীগের এই শীর্ষ নেতা (স্বকণ্ঠে) : বিশ্ব শান্তির জন্য টেরোরিজমের বিরুদ্ধে একসঙ্গে কাজ করবার অঙ্গীকার যেখানে ব্যক্ত হয়েছে সেখানে এই নিয়ে আমরা আর কোন প্রশ্ন করতে চাই না। আমাদের মানদন্ড ঠিকই আছে। বাংলাদেশের বাস্তবতা বাংলাদেশের মাধ্যমে। এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, গায়ের জোরে ক্ষমতায় এসে, জনগণের মৌলিক অধিকার কেড়ে নিয়েছে ক্ষমতাসীন সরকার। রোববার দুপুরে দলের কেন্দ্রীয় কার্যালয়ে জিয়া সাইবার ফোর্স এর ৯ম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত আলোচনা

সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই অভিযোগ করেন (স্বকণ্ঠে) : যারা এই সত্য ভাষণে কখনো কুণ্ঠিত হয় না, যারা সত্য ভাষণের প্রতি ঐকান্তিক তন্ময়তা নিয়ে যারা কাজ করে তাদেরকে স্বৈরাচারী সরকার পাঠিয়ে দেয় নিপীড়ন-নির্যাতনের এক কঠিন অন্ধকার প্রকোষ্ঠে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বঙ্গোপসাগরে তেল-গ্যাস অনুসন্ধানে নতুন করে আন্তর্জাতিক দরপত্র আহ্বান

বাংলাদেশ অবশেষে বঙ্গোপসাগরে তেল-গ্যাস অনুসন্ধানে আগামী সপ্তাহে নতুন করে আন্তর্জাতিক দরপত্র আহ্বান করতে যাচ্ছে। নতুন মডেল পিএসসি অনুমোদনের পর বঙ্গোপসাগরের ২৪টি ব্লকে তেল-গ্যাস অনুসন্ধানে আন্তর্জাতিক দরপত্র ডেকেছে পেট্রো বাংলা। দরপত্রে অংশ নিতে বিশ্বের শীর্ষ পর্যায়ের একাধিক কোম্পানি এরই মধ্যে আগ্রহ প্রকাশ করেছে। ৫৫ টি কোম্পানিকে আমন্ত্রণ জানাচ্ছে পেট্রো বাংলা। আগামী ৯ই সেপ্টেম্বর দুপুর একটার মধ্যে নির্ধারিত ঠিকানায় দরপত্র জমা দিতে বলা হয়েছে। ঐদিন এক ঘন্টা পর নির্বাচিত প্রতিনিধিদের সামনে দরপত্র উন্মুক্ত করা হবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ তেল, গ্যাস, খনিজ সম্পদ কর্পোরেশনের সূত্রে এই তথ্য জানা গেছে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## রমজানে কম দামে মিলবে দুধ, ডিম, মাছ ও মাংস

আসন্ন রমজান মাসে কম দামে মাছ, গরু, খাসি, মুরগির মাংস, দুধ এবং ডিম সুলভ মূল্যে সরবরাহ করবে বাংলাদেশের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। আজ (রোববার) রাজধানীর খামারবাড়িতে প্রাণিসম্পদ অধিদপ্তর চত্বরে কার্যক্রমের উদ্বোধন করে এই তথ্য জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মো. আব্দুর রহমান। এ সম্পর্কে রয়েছে ঢাকা থেকে আমাদের প্রতিনিধির পাঠানো প্রতিবেদন :

আসন্ন রমজান মাসে কম দামে মাছ, গরু, খাসি, মুরগির মাংস, দুধ এবং ডিম সুলভ মূল্যে সরবরাহ করবে বাংলাদেশের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। আজ (রোববার) রাজধানীর খামারবাড়িতে প্রাণিসম্পদ অধিদপ্তর চত্বরে কার্যক্রমের উদ্বোধন করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মো. আব্দুর রহমান। প্রাণিসম্পদ মন্ত্রী বলেন, জনগণের কষ্ট লাঘবে বর্তমান সরকার সব সময় সচেষ্ট। প্রধানমন্ত্রী নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্য স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় সব ধরনের কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রতিটি মন্ত্রণালয়কে নির্দেশনা দিয়েছেন (স্বকণ্ঠে) : আমরা এই জায়গায় একটা ট্রায়াল বেসিসে শুরু করলাম। দেখা যাক, যদি মনে করি যে আরো দুই একটা জায়গায় আমরা বাড়াতে পারবো সে চেষ্টা আমাদের অব্যাহত থাকবে। অনুষ্ঠানে জানানো হয়, প্রতি গাড়িতে থাকবে ২০০ লিটার দুধ, ডিম ৪ হাজার পিস, গরুর মাংস ১০০ কেজি, খাসির মাংস ১০ কেজি। এছাড়া রাজধানীর ৮টি জায়গায় মাছ বিক্রি করা হবে। প্রতি গাড়িতে ৩০০ কেজি করে থাকবে। এ কর্মসূচির আওতায় তরল দুধ প্রতি লিটার ৮০ টাকা, গরুর মাংস প্রতি কেজি ৬০০ টাকা, খাসির মাংস প্রতি কেজি ৯০০ টাকা, ড্রেসড ব্রয়লার প্রতি কেজি ২৫০ টাকা এবং ডিম প্রতিটি ৯.১৭ টাকা (১ ডজন ১১০ টাকা) দরে বিক্রয় করা হবে। এদিকে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেছেন, আগামী রমজানে মন্ত্রিসভার অনুমোদন নিয়ে, অত্যাবশ্যকীয় পণ্যের পূর্ণাঙ্গ তালিকা করে দাম বেঁধে দেয়া হবে। রোববার সচিবালয়ে কৃষিপণ্য সরবরাহে টিসিবি ও রাশিয়ার কৃষি মন্ত্রণালয়ের প্রোডিন টর্গের সঙ্গে সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। এসময় ব্যবসায়ীদের সততার সঙ্গে কাজ করার আহ্বান জানিয়ে তিনি বলেন, ধর্মীয় অনুভূতিকে প্রাধান্য দিতে হবে। রমজান উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কোনো ঘাটতি নেই বলেও জানিয়েছেন বানিজ্য প্রতিমন্ত্রী (স্বকণ্ঠে) : দুই-একদিনের মধ্যে পেঁয়াজও ইনশাল্লাহ বাংলাদেশে ঢুকবে। সুতরাং আমরা চেষ্টা করে যাচ্ছি এবং আপনাদের মাধ্যমে আমি সকল ব্যবসায়ী মহলকে বলবো আমি ইউএই তে দেখলাম যে ১৮ টি অত্যাবশ্যকীয় পণ্যের উপর তারা একেবারে রাষ্ট্রীয় সার্কুলার দিয়ে দিয়েছে যে, এই পণ্যগুলির দাম কেউ এই মাসে বাড়াতে পারবে না।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.০৩.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## সামরিক নিয়োগ এড়াতে থাইল্যান্ডে যাচ্ছেন মিয়ানমারের তরুণ-তরুণীরা

এক মাস আগে জান্তা সরকার ঘোষিত বাধ্যতামূলক সামরিক নিয়োগ এড়াতে মিয়ানমারের ক্রমবর্ধমান সংখ্যক তরুণ-তরুণী প্রতিবেশী থাইল্যান্ডে চলে যাচ্ছেন। গত ১০ই ফেব্রুয়ারির ঘোষণাটি, এতে উল্লেখিত বয়সী নাগরিকদের মিয়ানমার থেকে পালানোর চেষ্টার দিকে প্ররোচিত করে। দীর্ঘমেয়াদি ভিসা পাওয়ার জন্য, অনেকেই দ্রুত ইয়াঙ্গুনের থাই দূতাবাস'সহ অন্যান্য বিদেশি মিশনে ছুটে যান। গতমাসে দেশটির দ্বিতীয় বৃহত্তম শহর মান্দালয়ের একটি পাসপোর্ট কার্যালয়ে ভিড়ের চাপে দুই ব্যক্তির মৃত্যু হয়। থাইল্যান্ডের উত্তরাঞ্চলীয় শহর চিয়াং মাই' এর একটি বিশ্ববিদ্যালয়, এই মাসের শুরুতে প্রবেশিকা পরীক্ষা দেয়ার জন্য তাদের ইংরেজি ভাষা বিভাগের ১০০ জনের স্থলে ২ হাজার ১শো'টি আবেদন গ্রহণ করেছে। এই আবেদনকারীদের বেশির ভাগই মিয়ানমারের নাগরিক। মিয়ানমারের জান্তা গতমাসে ঘোষণা দেয় যে, ১৮ থেকে ৩৫ বছর বয়সী পুরুষ এবং ১৮ থেকে ২৭ বছর বয়সী নারীদের অবশ্যই সর্বোচ্চ দুই বছর পর্যন্ত সেনাবাহিনীতে কাজ করতে হবে। অন্যদিকে, জরুরি অবস্থা চলাকালীন এই কাজের মেয়াদ পাঁচ বছর পর্যন্ত বাড়ানো যেতে পারে। উল্লেখ্য, ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে মিয়ানমারের সেনাবাহিনী একটি অভ্যুত্থানের মাধ্যমে

ক্ষমতা দখল করে। এরপর থেকেই তারা গণতন্ত্রপন্থী বাহিনীর পাশাপাশি জাতিগত সংখ্যালঘু আধা-সামরিক বাহিনীগুলোর বিরুদ্ধে লড়াই করে চলেছে। (এনএইচকে ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### ইইউর প্রতিবেদন নিয়ে আওয়ামী লীগ ও বিএনপি যা বলছে

গত জানুয়ারিতে অনুষ্ঠিত বাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কিছু গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক গণতান্ত্রিক মানদণ্ড পূরণে ব্যর্থ হয়েছে বলে মনে করে ইউরোপীয় ইউনিয়ন(ইইউ)। তারা মনে করে এই নির্বাচনকে বিশ্বাসযোগ্য করতে ব্যর্থ হয়েছে নির্বাচন কমিশন(ইসি)। তাদের প্রতিবেদনে, একপাক্ষিক নির্বাচন, গণগ্রেপ্তার, বিচারিক কার্যক্রম, বিএনপির নির্বাচনে অংশ না নেয়া, ভোটারদের পছন্দের প্রার্থী বাছাইয়ের সুযোগ না থাকা, ভোটার উপস্থিতি কম, প্রতিদ্বন্দ্বিতা না থাকাসহ আরো অনেক বিষয়ে তাদের পর্যবেক্ষণ জানিয়েছে। তবে নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান এই প্রতিবেদনকে তেমন আমলে নিচ্ছেন না। তার কথায়," আমাদেরও তারা প্রতিবেদন পাঠিয়েছে। এখনো দেখার সুযোগ পাইনি। আগে দেখি তারপর আমাদের কিছু বলার থাকলে বলব।" আর সাবেক নির্বাচন কমিশনার মো. রফিকুল ইসলাম বলেছেন." ইইউ যা বলেছে তা তো সবই ঠিক। কিন্তু তাতে আমাদের কী হবে। রাজনৈতিক দলগুলো যে যার মতো ব্যাখ্যা দেবে।" এদিকে বিএনপি নেতারা বলেছেন," আন্তর্জাতিক কেন, কোনো মানদণ্ডেই এই নির্বাচন গ্রহণযোগ্যতা পায়নি। ইইউর প্রতিবেদন আরো শক্ত হতে পারত।" আর আওয়ামী লীগ নেতারা বলছেন," ইইউ এই প্রতিবেদন দিয়েছে বাংলাদেশে একটা অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির উসকানি দিতে।"

গত জুলাই মাসে সার্বিক পরিবেশ নিয়ে ইইউ প্রাক-নির্বাচনী মিশন বাংলাদেশ সফরে প্রায় শতাধিক বৈঠক করে। বৈঠকগুলো থেকে ইইউ সিদ্ধান্ত নেয়, বাংলাদেশের নির্বাচনে কোনো পর্যবেক্ষক পাঠাবেনা। তবে নির্বাচন নিয়ে চার সদস্যের একটি বিশেষজ্ঞ দল বাংলাদেশে পাঠায় সংস্থাটি। নির্বাচনের আগে ও পরে এ বিশেষজ্ঞ দলটি বিভিন্ন বৈঠক ও পরিবেশ-পরিস্থিতি পর্যালোচনা করেছে। ইইউ ৭ মার্চ এনিয়ে ৩৪ পৃষ্ঠার একটি প্রতিবেদন ইউরোপীয় কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করেছে। প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশের প্রধান বিরোধী দল বিএনপি এই নির্বাচন বর্জন করায় ভোটাররা তাদের গণতান্ত্রিক অধিকার চর্চার পুরোপুরি সুযোগ পায়নি। ক্ষমতাসীন দল আওয়ামী লীগের নিজেদের প্রার্থী এবং একই দলের স্বতন্ত্র প্রর্থীদের মধ্যে প্রতিযোগিতা হওয়ার কারণে ভোটারদের সত্যিকার অর্থে তাদের পছন্দের প্রার্থী বেছে নেয়ার সুযোগ ছিলোনা। তারা বলছে, নির্বাচনকে কেন্দ্র করে নাগরিক ও রাজনৈতিক অধিকার পরিস্থিতির অবনতি হয়েছে। গণগ্রেপ্তারের কারণে বিরোধীরা ব্যস্ত ছিল আদালতপাড়ায়। ফলে ছিল না আন্দোলন-সংগ্রামের স্বাধীনতা। বিচারিক কার্যক্রম এবং গণগ্রেপ্তারে মাধ্যমে বিরোধী রাজনৈতিক দলগুলোর তৎপরতা মারাত্মকভাবে সীমিত হয়ে পড়ে। প্রতিবেদনে বলা হয়, সমাবেশ, সমিতি, আন্দোলন এবং বক্তৃতার মতো নাগরিক ও রাজনৈতি অধিকার যা প্রতিযোগিতামূলক নির্বাচনের জন্য অপরিহার্য বাংলাদেশের নির্বাচনের ক্ষেত্রে তা সীমাবদ্ধ ছিল। গণমাধ্যম এবং সুশীল সমাজও বাকস্বাধীনতা নিশ্চিত করতে সহায়ক ছিল না। একই সঙ্গে সাধারণ মানুষের সমালোচনামূলক বিতর্কও ছিল সীমিত। ইসি প্রাথমিকভাবে বলেছিল, ৪০ শতাংশ ভোট পড়েছে। স্বচ্ছতা ও শক্তিশালী নিরপেক্ষ নাগরিক সমাজের অভাব, সব দলের এজেন্ট না থাকায় ইসি ছাড়া ভোটের তথ্য যাচাইয়ের অন্য কোনো সুযোগ ছিল না।

সংসদ নির্বাচনের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আওয়ামী লীগ টানা চতুর্থবারের মতো ক্ষমতায় আসতে চেয়েছিলো। নির্বাচন একটি খুবই একপাক্ষিক রাজনৈতিক পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। বিরোধীরা সরকারের পদত্যাগ ও নির্বাচন পরিচালনায় তত্ত্বাবধায়ক সরকারের দাবি জানিয়েছিল, যা প্রত্যাখ্যান করা হয়। নির্বাচনের আগে বিরোধী দলের ধারাবাহিক বিক্ষোভ ২০২৩ সালের ২৮ অক্টোবর থেকে গুরুতর সহিংসতায় রূপ নেয়। এর পর থেকে বিএনপি নেতাদের গণগ্রেপ্তার ও আটকের ফলে দেশের নাগরিক ও রাজনৈতিক পরিবেশের উল্লেখযোগ্য অবনতি ঘটে। নির্বাচনের পুরো সময়ে বিরোধী দলগুলোর সমাবেশ, সমিতি, আন্দোলন এবং বক্তৃতার স্বাধীনতা কঠোরভাবে সীমিত করা হয়। নির্বাচনে ২৯৯ আসনের বিপরীতে (একটি আসনের নির্বাচন পওে হয়) এক হাজার ৯৭০ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলেও ৭৪ শতাংশ প্রার্থী ন্যূনতম ভোট না পাওয়ায় জামানত হারিয়েছেন। আর মাত্র ১১ শতাংশ আসনে প্রতিযোগিতা দেখা গেছে। নির্বাচনে কোনো স্বাধীন আন্তর্জাতিক নির্বাচনী পর্যবেক্ষক পর্যবেক্ষণে আসেনি। কমনওয়েলথ এবং যুক্তরাষ্ট্রের আইআরআই ও এনডিআই একটি যৌথ মিশন ছোট বিশেষজ্ঞ দল পাঠিয়েছে। তবে ইসি খরচ দিয়ে কিছু একক বিদেশি পর্যবেক্ষককে আমন্ত্রণ জানিয়েছিল, যা নির্বাচনী পর্যবেক্ষণের আন্তর্জাতিক যে নীতিমালা রয়েছে, তার সঙ্গে সংগতিপূর্ণ নয়। আওয়ামী লীগই ছিল একমাত্র রাজনৈতিক দল, যে বৃহৎ প্রচার মিছিলসহ যে কোনো উল্লেখযোগ্য জনসাধারণের কার্যক্রম সংগঠিত করতে পেরেছে। অন্যদের জন্য এই সুযোগ ছিলো নিয়ন্ত্রিত। নির্বাচনে প্রচারের সময় ভোটারদের ভয়ভীতি দেখিয়েছেন আওয়ামী লীগের প্রার্থীরা। ভোটারদের ভোটকেন্দ্রে আনতে সামাজিক সুরক্ষাগুলো বন্ধ করে দেওয়ার হুমকি দিয়েছেন। এবারের সংসদে সংখ্যালঘুদের সংখ্যা আগের চেয়ে কমেছে। আগের সংসদে এ সংখ্যা ১৮ থাকলেও, এবার ১৪-তে নেমেছে। ৩০০ আসনের মধ্যে চূড়ান্ত ফলাফলে আওয়ামী লীগের দলীয় প্রার্থীরা ২২৩টি আসন, স্বতন্ত্র প্রার্থীরা ৬২টি, জাতীয় পার্টি পায় ১১টি আসন। জাসদ, ওয়ার্কার্স পার্টি ও  কল্যাণ পাটি একটি করে আসনে জিতেছে।

নির্বাচন কমিশনার মো. আনিছুর রহমান বলেন," আমরা বৃহস্পতিবার প্রতিবেদনটি পেয়েছি, এখনো দেখতে পারিনি। পত্রিকায় যা লিখেছে তা একটু পড়েছি। আমরা কয়েকটি সিটি কর্পোরেশন নির্বাচন নিয়ে ব্যস্ত ছিলাম। অন্যরা রিপোর্ট দেখেছে কী না আমি জানিনা।" তার কথা," প্রতিবেদন দেখার পর আমাদের কিছু বলার থাকলে বলব। যদি জানানোর থাকে জানাব। যদি জানানোর থাকে। তবে আমরা তো আগেই বলেছি। নির্বাচন নিয়ে আমরা তো আমাদের অবস্থানের কথা জানিয়েছি। এখন তারা তাদের প্রতিবেদন দিয়েছে। সেটা তাদের ব্যাপার। " তাকে প্রতিবেদনের উল্লেখযোগ্য কয়েকটি পয়েন্ট বললেও তিনি বলেন," আগে প্রতিবেদন দেখি তারপর আমরা প্রয়োজন হলে কথা বলব।" তবে সাবেক নির্বাচন কমিশনার মো. রফিকুল ইসলাম বলেন," ইইউ যা বলেছে তার সবই তো ঠিক বলেছে। এখন এর ব্যাখ্যা সরকার একভাবে দেবে, বিএনপি একভাবে দেবে। সরকার বলবে বিএনপি নির্বাচনে না আসায় সবদলের অংশগ্রহণ প্রতিযোগিতামূলক হয়নি। বিএনপি বলবে এই সরকারের অধীনে নির্বাচনে গিয়ে কোনো লাভ ছিলোনা। গণগ্রেপ্তার, বিরোধী নেতাদের জেলে পাঠানো, একপাক্ষিক নির্বাচন এগুলো তো হয়েছে। কিন্তু সেখানে আমাদের কী করার আছে?" তার কথায়," গণতন্ত্র তো শংকরায়ন হয়ে গেছে। এটা এখন না তামা, না লোহা, না অ্যালুমিনিয়াম। এ অবস্থা এখন সারা বিশ্বেই।"

বিএনপির আইন বিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল বলেন," দেরিতে হলেও ইইউ বাংলাদেশের নির্বাচন নিয়ে যে পর্যবেক্ষণ বা প্রতিবেদন দিয়েছে তা বাস্তব চিত্র। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন যে এরকম হবে তা আমরা আগেই বলেছিলাম। এই কারণেই আমরা নির্বাচনে যাইনি। একমাত্র ভারত ছাড়া আর কারুর কাছেই এই নির্বাচন গ্রহণযোগ্যতা পায়নি।" আর দলটির যুগ্ম মহাসচিব ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন মনে করেন," ইইউ যে প্রতিবেদন দিয়েছে তা আরো জোরালো এবং শক্ত হওয়া দরকার ছিলো। কারণ এই নির্বাচন আন্তর্জাতিক কেন, কোনো মানদণ্ডেই গ্রহণযোগ্য হয়নি।" তার কথায়," এই সরকারের পদত্যাগ, সংসদ ভেঙে দেয়া এবং তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অংশহণমূলক নির্বাচনই এর সমাধান। এই সরকারের অধীনে জাতীয় নির্বাচন তো দূরের কথা স্কুল ম্যানেজিং কমিটির নির্বাচনও নিরপেক্ষ ও গ্রহণযোগ্য হয়না। সবখানেই তারা প্রভাব বিস্তার করে। পুলিশ ও প্রশাসনকে ব্যবহার করে।"

আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন বলেন," ইইউ প্রতিবেদন দিয়েছে আবার ওই সব দেশের সরকার ও রাষ্ট্র প্রধানরা প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। এই সরকারের সঙ্গে কাজ করার কথা বলেছেন। তাহলে তারা কী প্রতিবেদন দিলো! বিএনপি তো নির্বাচনে হেরে যাবে তাই নির্বাচনে আসেনি।" আর দলটির যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল আলম হানিফ বলেন," বিএনপিকে তো নির্বাচনে আসতে কেউ বাধা দেয়নি। তাদের আন্দোলন ছিলো নির্বাচনের বিরুদ্ধে, গণতান্ত্রিক প্রক্রিয়ার বিরুদ্ধে। তারা সহিংসতা করেছে, প্রধান বিচারপতির বাসভবনে হামলা করেছে। তাই তাদের গ্রেপ্তার করা হয়েছে। ইউরোপে এই ধরনের অপরাধ করলে কি ছেড়ে দেয়া হতো?" তার কথায়," নির্বাচন দেশের মানুষের কাছে গ্রহণযোগ্য হয়েছে। বিএনপি না আসলে কি নির্বাচন হবেনা? ইইউ সব কিছু জেনেশুনেই এই প্রতিবেদন দিয়েছে বাংলাদেশে একটা অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির উসকানি দিতে। এটা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৩.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### বিএনপির মধ্যবর্তী নির্বাচনের দাবীকে মামা বাড়ির আবদার বলে মন্তব্য করেছেন ওবায়দুল কাদের

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বিএনপির মধ্যবর্তী নির্বাচনের দাবি কে মামা বাড়ির আবদার বলে মন্তব্য করেছেন। রোববার সকালে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এমন মন্তব্য করেন তিনি। ওবায়দুল কাদের বলেন বিএনপি জামায়াত এবারও ব্যর্থ হয়েছে বারবার নির্বাচন বর্জন করে আগামী পাঁচ বছর অপেক্ষা করা ছাড়া তাদের করণীয় কিছুই নেই। আজ তাদের সব অভিযোগ বাস্তবতা বিবর্জিত ভিত্তিহীন। কাদের বলেন বিএনপি বাস্তবতা থেকে অনেক দূরে সরে গেছে। প্রমাণ হয়েছে শেখ হাসিনার হাতেই দেশের গণতন্ত্র নিরাপদ। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

### আইনজীবী সমিতির নির্বাচনে জালিয়াতি করে সুপ্রিম কোর্টের মত জায়গাকে কলঙ্কিত করা হয়েছে

আইনজীবী সমিতির নির্বাচনে জালিয়াতি করে সুপ্রিম কোর্টের মতো জায়গাকে কলঙ্কিত করা হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। নাটক করে মামলা করে বিএনপিপন্থী আইনজীবীদের গ্রেফতার করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। রোববার দুপুরে নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে জিএ সাইবার ফোর্সের নবম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে এক আলোচনা সভায় একথা বলেন তিনি। এ সময় রিজভী বলেন ডিজিটাল নিরাপত্তা আইনে অনেক তরুণকে কারাগারে বন্দি রাখা হয়েছে এরকম বিনা বিচারে অনেকে কারাদণ্ড ভোগ করছেন। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

### বিদেশে বসে দেশের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র অপপ্রচার করে তাদের তালিকা তৈরির আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

বিদেশে বসে দেশের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র অপপ্রচার ও নিষেধাজ্ঞা করে তাদের তালিকা তৈরির জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সংযুক্ত আরব আমিরাতের আবুধাবির একটি হোটেলে সেখানে থাকা প্রবাসী বাংলাদেশীদের আয়োজনে এক সংবর্ধনা অনুষ্ঠানে মন্ত্রী এই আহ্বান জানান। রোববার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক

সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এ সময় পররাষ্ট্রমন্ত্রী প্রবাসী বাংলাদেশীদের প্রতি বৈধ পথে দেশে রেমিটেন্স পাঠানোর আহ্বান জানান। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**আগামী ১৬ই রমজান থেকে ঈদ পর্যন্ত মেট্রোরেল চলাচলের সময় এক ঘন্টা বাড়িয়ে দেয়া হবে**

মেট্রোরেল কর্তৃপক্ষ জানিয়েছে যে আগামী ১৬ই রমজান থেকে ঈদ পর্যন্ত ট্রেন চলাচলের সময় এক ঘন্টা বাড়িয়ে দেয়া হবে। মেট্রোরেল কর্তৃপক্ষ জানিয়েছে রমজানের শেষ পনের দিন মতিঝিল থেকে সর্বশেষ ট্রেন ৯:৪০ মিনিটে এবং উত্তরা থেকে সর্বশেষ ট্রেন ৯:২০ মিনিটে ছাড়বে। বাড়তি সময়ে ১২ মিনিট পর পর দশবার ট্রেন চলবে। এছাড়াও রমজানের প্রথম দিন থেকেই পিক আওয়ার বাড়ানো হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ। রোববার দুপুরে রাজধানীর ইস্কাটনে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের ডিএমটিসিএল এর কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংস্থাটির ব্যবস্থাপনা পরিচালক এমএন সিদ্দিক এসব তথ্য জানান। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**দেশের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় রমজান মাস জুড়ে বন্ধ থাকবে বলে আদেশ**

দেশের সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় রমজান মাস জুড়ে বন্ধ থাকবে বলে আদেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি খিজির হায়াত লিজোর হাইকোর্ট বেঞ্চ রমজান মাসে স্কুল খোলা রাখার সরকারি সিদ্ধান্ত ২ মাসের জন্য স্থগিত করেন। এক শিক্ষার্থীর অভিভাবকের করা রিট আবেদনের পরিপ্রেক্ষিতে আদালত আজ রোববার এই আদেশ দেন। এর আগে সরকার রমজানের প্রথম ১৫ দিন মাধ্যমিক বিদ্যালয় এবং প্রথম ১০ দিন প্রাথমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছিল। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**২০২৩-২৪ শিক্ষাবর্ষের ডেন্টাল ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে**

২০২৩-২৪ শিক্ষাবর্ষের ডেন্টাল বা বিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এতে প্রাথমিকভাবে ৫৪৫ জন উত্তীর্ণ হয়েছেন। পরীক্ষায় জাতীয় মেধাক্রমে প্রথম হয়েছেন মহতাজ সিন সাদিক তামিম। তিনি নটরডেম কলেজের সাবেক শিক্ষার্থী। রোববার স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের পরিচালক অধ্যাপক ডাক্তার মোঃ মহিউদ্দিন মাতবর স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে ফলাফল প্রকাশের বিষয়টি জানানো হয়। ভর্তিচ্ছুরা সংশ্লিষ্ট ওয়েবসাইটে ও মোবাইল ফোনে খুদেবার্তার মাধ্যমে ফল দেখতে পারবেন বলেও এতে উল্লেখ করা হয়েছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**দেশের বাইরে যেতে চেয়ে আদালতে আবেদন করেছেন নোবেল জয়ী ডঃ মুহাম্মদ ইউনুস**

দেশের বাইরে যেতে চেয়ে আদালতে আবেদন করেছেন নোবেল জয়ী অর্থনীতিবিদ ডক্টর মুহাম্মদ ইউনুস। রোববার শ্রম আপিল ট্রাইব্যুনালে এই আবেদন করেন তিনি। আবেদনে বলা হয়েছে ডঃ মুহাম্মদ ইউনুস বেশ কয়েকটি আন্তর্জাতিক সম্মেলনে যেতে চান। কিন্তু আদালত যেহেতু দেশের বাইরে যাওয়ার ক্ষেত্রে অবহিত করতে বলেছেন তাই এই আবেদন করা হলো। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**কুমিল্লা সিটি কর্পোরেশনে মেয়র পদে উপনির্বাচনে জয়ী হয়েছেন তাহসিন বাহার**

কুমিল্লা সিটি কর্পোরেশনে মেয়র পদে উপ নির্বাচনে বিজয়ী হয়েছেন তাহসিন বাহার। তিনি এই সিটি কর্পোরেশন সহ আশপাশের এলাকা নিয়ে গঠিত কুমিল্লা ছয় আসনের সংসদ সদস্য আ ক ম বাহাউদ্দিনের মেয়ে। বাহাউদ্দিন কুমিল্লা মহানগর আওয়ামী লীগের সভাপতি। এই কমিটিতে সাংগঠনিক সম্পাদকের পদে আছেন তার জ্যেষ্ঠ কন্যা তাহসিন বাহার। স্থানীয় সরকারের এই উপনির্বাচনে দলীয় মনোনয়ন না থাকায় বাস প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করেন তাহসিন। তিনি পেয়েছেন ৪৮ হাজার ৮৯০ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী হয়েছেন সাবেক বিএনপি নেতা মোঃ মনিরুল হক সাক্কু। টেবিল ঘড়ি প্রতীক নিয়ে তিনি পেয়েছেন ২৬ হাজার ৮৯৭ ভোট। ভোটে বিজয়ী হওয়ার পর তাহসিন বাহার বলেছেন কুমিল্লা নাগরীকে পরিকল্পিতভাবে স্মার্ট নগরী হিসেবে গড়ে তুলতে কাজ করবেন তিনি।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**আইনজীবী সমিতির নির্বাচনে সহিংসতার ঘটনায় ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলের রিমান্ড মঞ্জুর**

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতার ঘটনায় শাহবাগ থানায় করা মামলায় গ্রেফতার বিএনপি জামায়াতপন্থী নীল প্যানেলের সম্পাদক ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজলের চার দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। রোববার ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট নুরুল হুদা চৌধুরীর আদালত শুনানি শেষে এই আদেশ দেন। এর আগে শনিবার সন্ধ্যায় রাজধানীর পল্টনে তোপখানা রোডে নিজ চেম্বার থেকে তাকে আটক করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ সিআইডি। পরে শাহবাগ থানায় হস্তান্তর করলে তাকে গ্রেফতার দেখানো হয়।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**সাফ অনূর্ধ্ব ১৬ নারী চ্যাম্পিয়নশিপের ফাইনালে এবার উল্টো গল্প লিখেছে লাল সবুজ দল**

ভারতের বিপক্ষে এগিয়ে থেকে হৃদয় ভাঙ্গার গল্প হরহামেশ লিখে থাকে বাংলাদেশ। তবে সাফ অনূর্ধ্ব ১৬ নারী চ্যাম্পিয়নশিপ এর ফাইনালে এবার উল্টো গল্প লিখেছে কিশোরীরা। প্রথমার্ধে পিছিয়ে পড়ার পর দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়িয়ে শেষ পর্যন্ত ট্রাইবেকারে ম্যাচ জিতে নেয় লাল সবুজের দল। ভারতকে হারিয়ে শিরোপা পুনরুদ্ধার করলো বাংলাদেশ। নেপালের কাঠমন্ডুতে আজ রোববার বিকেলে সাফ অনূর্ধ্ব ১৬ নারী চ্যাম্পিয়নশিপের ফাইনালে ট্রাইবেকারে ভারতকে ৩-০ ব্যবধানে হারিয়ে চ্যাম্পিয়ন হয় বাংলাদেশ অনূর্ধ্ব ১৬ দল। নির্ধারিত সময়ে ১-১ গোলের সমতায় শেষ হয় ম্যাচটি।

(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

## দেশের একটি মানুষও গৃহীন থাকবে না : প্রধানমন্ত্রী

দেশের একটি মানুষ ও ভূমিহীন, গৃহহীন থাকবে না। প্রত্যেকেই একটি ঠিকানা পাবে, উন্নত জীবন পাবে। সরকার এ লক্ষ্যেই বলে কাজ করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রোববার রাজধানীর আগারগাঁওয়ে কোস্টগার্ড সদর দপ্তরে বাহিনীটির ২৯ তম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন শান্তিপূর্ণভাবে বাংলাদেশের সমুদ্রসীমা অর্জন বিশ্বের কাছে দৃষ্টান্ত। ১৯৭৫ সালের পর কোন সরকারই সমুদ্রসীমার অধিকার নিশ্চিতে পদক্ষেপ নেয়নি। পরে আওয়ামী লীগ সরকার বিশেষ উদ্যোগ গ্রহণ করে এবং সমুদ্রসীমার অধিকার নিশ্চিত করে। অনুষ্ঠানে সরকার প্রধান জানান কোস্টগার্ড কে ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা হবে। এজন্য ইতিমধ্যেই এভিয়েশন ইউনিট গড়ে তোলার নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## রমজান মাসে বিভিন্ন দেশে বাজার দর কমলেও আমাদের দেশের ব্যবসায়ীরা করে তার উল্টোটা

পবিত্র রমজান মাসে অর্থ উপার্জনের জন্য যারা সাধারণ জনগণকে জিম্মি করবে তাদেরকে সতর্ক করেছেন বস্ত্র ও পাট মন্ত্রী অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক। তিনি বলেছেন এমন যারা করবে তাদের কেউ রেহাই পাবে না। রোববার শ্যামলীতে যুবলীগ ও ছাত্রলীগের পরিচালনায় সুলভ মূল্যের বাজার কার্যক্রম উদ্বোধন কালে তিনি এই হুঁশিয়ারি দেন। মন্ত্রী বলেন রমজান মাসে বিভিন্ন মুসলিম দেশে বাজার দর কমে যায়। আর এ দেশের ব্যবসায়ীরা রমজান মাসে জনগণকে জিম্মি করে অর্থ উপার্জনের পথ বেছে নেয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## মন্ত্রিসভার অনুমোদন নিয়ে আগামীতে বিভিন্ন পণ্যের দাম বেঁধে দেওয়া হবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

আগামীতে মন্ত্রিসভার অনুমোদন নিয়ে অত্যাবশকীয় পণ্যের একটি পূর্ণাঙ্গ তালিকা করে দাম বেঁধে দেয়া হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। রোববার সচিবালয়ে কৃষি পণ্য সরবরাহের টিসিবি ও রাশিয়ার কৃষি মন্ত্রণালয় প্রোডিন টর্কের সঙ্গে সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন সংযুক্ত আরব আমিরাতে দেখলাম ১৮টি অত্যাবশকীয় অন্যের রাষ্ট্রীয় সার্কুলার দিয়ে দিয়েছে। এ পণ্যগুলোর দাম কেউ এ মাসে বাড়াতে পারবেনা। আমরা এবার হয়তো পারি নাই ইনশাআল্লাহ আমাদের সাপ্লাই চেইন ইম্প্রুভ ও পর্যাপ্ত পরিমাণে সরবরাহ নিশ্চিত করে আগামীতে কেবিনেটের অনুমোদন নিয়ে অত্যাবশ্যকীয় পণ্যের একটি কমপ্লিট লিস্ট তৈরি করব।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## রোজায় সুলভ মূল্যে, দুধ ডিম, মাছ ও মাংস বিক্রির কার্যক্রম উদ্বোধন

রোজায় সুলভ মূল্যে দুধ, ডিম, মাছ, মাংস বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে রাজধানীর খামারবাড়িতে প্রাণী সম্পদ অধিদপ্তর প্রাঙ্গণে এই কার্যক্রমের উদ্বোধন করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোঃ আব্দুর রহমান। প্রথম রোজা থেকে শুরু হয়ে ২৮ রমজান পর্যন্ত ঢাকার ২৫ টি স্থানে এসব পণ্য বিক্রি করা হবে। ভ্রাম্যমান বিক্রয় কেন্দ্রগুলোতে এবার গরুর মাংস প্রতি কেজি ৬০০ টাকা, খাসির মাংস প্রতি কেজি ৯০০ টাকা, চামড়া ছাড়া ব্রয়লার প্রতি কেজি ২৫০ টাকা, দুধ প্রতি লিটার ৮০ টাকা ও ডিম প্রতিটি নয় টাকায় বিক্রি করা হবে।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## জামিন পেয়েছেন হাফিজ উদ্দিন আহমেদ

রাজধানীর গুলশান থানার নাশকতার মামলায় বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর অবসরপ্রাপ্ত হাফিজ উদ্দিন আহমেদের জামিন আবেদন মঞ্জুর করেছেন আদালত। রোববার ঢাকা মহানগর দায়রা জজ আসম সামস জগলুল হোসেন এই আদেশ দেন। রাষ্ট্রপক্ষের কৌশলী তাপস কুমার পাল গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নগরপিতা হলেন একরামুল হক টিটু

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে মেয়র পদে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন সদ্য সাবেক মেয়র ও মহানগর আওয়ামী লীগের সভাপতি একরামুল হক টিটু। শনিবার রাত সাড়ে দশটার দিকে ১২৮টি কেন্দ্রের সবকটি ফলাফল ঘোষিত হয়েছে। টিটু পেয়েছেন ১ লাখ ৩৯ হাজার ৬০৪ ভোট। ময়মনসিংহ টাউন হলের তারেক স্মৃতি মিলনায়তনে এই ফল ঘোষণা করেন ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মোঃ বেলায়েত হোসেন চৌধুরী। বেসরকারি ফলাফলের দ্বিতীয় সর্বোচ্চ ভোট পেয়েছেন ময়মনসিংহ জেলা আওয়ামী লীগের উপদেষ্টা সাদিকুল হক খান। হাতি প্রতীকে তিনি পেয়েছেন ৩৫ হাজার ৭৬৩ ভোট। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

## সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে মাহবুব উদ্দিন খোকন ও শাহ মনজুরুল হক বিজয়ী

সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ২০২৪-২৫ সালের নির্বাচনে সভাপতি পদে ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন সহ চারটি পদে বিএনপি সমর্থিত প্যানেলের প্রার্থীরা বিজয়ী হয়েছেন। অন্যদিকে সম্পাদক পদে শাহ মনজুরুল হক সহ ১০ টি পদে আওয়ামী লীগের প্যানেলের প্রার্থীরা জয়ী হয়েছেন। শনিবার মধ্যরাতে নির্বাচন পরিচালনা কমিটির জোষ্ঠ্য আইনজীবী আবুল খায়ের এই ফলাফল ঘোষণা করেন। কার্যনির্বাহী সদস্য পদে বিজয়ী বিএনপির অন্য তিনজন হলেন সৈয়দ ফজলে ইলাহী অভি, ফাতেমা আক্তার ও মোঃ শফিকুল ইসলাম। আওয়ামী লীগের প্যানেল থেকে বিজয়ী অন্য

নয়জন হলেন সহ-সভাপতি পদে রমজান আলী শিকদার ও দেওয়ান মোহাম্মদ আবু ওবায়েদ হোসেন। ট্রেজারার পদে মোহাম্মদ নুরুল হুদা আনসারী, সহ সম্পাদক পদে মোঃ হুমায়ুন কবির ও হুমায়ুন কবির পল্লব। সদস্য পদে বিজয় চারজন হলেন রাশিদুল হক খোকন, মোহাম্মদ রায়হান রনি, মোহাম্মদ বিল্লাল হোসেন শাহিন ও খালেদ মোশারফ রিপন। (রেডিও টুডে:১৩৪৫ঘ. ১০.০৩.২০২৪ আসাদ)

**প্রধানমন্ত্রীর প্রেস সচিব এহসানুল করিম হেলাল মারা গেছেন**

প্রধানমন্ত্রীর প্রেস সচিব এহসানুল করিম হেলাল মারা গেছেন। রোববার রাতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। তার মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০১৫ সাল থেকে তিনি প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি এর আগে রাষ্ট্রপতির প্রেসসচিব এবং বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পেয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান হাফিজ উদ্দিন আহমেদ**

কেরানীগঞ্জের কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পেয়েছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর অবসরপ্রাপ্ত হাফিজ উদ্দিন আহমেদ। রোববার সন্ধ্যা সাতটার দিকে তিনি মুক্তি পান বলে বিএনপি'র মিডিয়া সেলের সদস্য সাইরুল কবীর খান সংবাদ মাধ্যমকে জানিয়েছেন। মুক্তির আগে সকালে রাজধানীর গুলশান থানায় নাশকতা মামলায় বিচারিক আদালতে জামিন পান মেজর হাফিজ। এর আগে মঙ্গলবার মেজর হাফিজ এই মামলায় আত্মসমর্পণ করে জামিন আবেদন করলে তা নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রাজেশ চৌধুরী।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**চট্টগ্রামে কর্ণফুলী টানেলে আনোয়ারা প্রান্তে ওয়্যারহাউজে অগ্নিকাণ্ডের খবর পাওয়া গেছে**

চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলে আনোয়ারা প্রান্তে ওয়্যার হাউজে অগ্নিকাণ্ডের খবর পাওয়া গেছে। এতে গুদামে থাকা কেমিক্যাল ভর্তি শতাধিক ড্রাম পুড়ে গেছে। তবে এই ঘটনায় কেউ হতাহত হয়নি। রোববার দুপুর ১:৩০ টার দিকে টানেলের আনোয়ারা প্রান্তের পরিত্যক্ত ওই গুদামে আগুনের সূত্রপাত হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের আটটি ইউনিট দুই ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। আনোয়ারা ফায়ার সার্ভিসের স্টেশনের ইনচার্জ মইসুইনু মারমা এই তথ্য নিশ্চিত করেছেন।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**কুষ্টিয়ার ভেড়ামারায় ভয়াবহ আগুনে পুড়ে গেছে সহস্রাধিক বিঘা পানের বরজ**

কুষ্টিয়ার ভেড়ামারায় ভয়াবহ আগুনে পুড়ে গেছে অন্তত সহস্রাধিক বিঘা পানের বরজের জমির ফসল। রোববার দুপুর আড়াইটার দিকে উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের রাইটা পাথর ঘাট মাঠে ওই অগ্নিকানের ঘটনা ঘটে। খবর পেয়ে কুষ্টিয়াসহ আশপাশের জেলার ফায়ার সার্ভিসের ১৩ টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিস ও পুলিশ বলছে আগুনে প্রায় সাড়ে তিন কিলোমিটার এলাকার প্রায় চার হাজার একর পানের বরজ কলার বাগান পাকা গমসহ আবাদি ফসল এবং প্রায় ১০ টি বাড়ি পুড়ে গেছে। সঠিকভাবে নির্ণয় করা না গেলেও আগুনে কয়েকশো কোটি টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করেছেন স্থানীয়রা। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

**পবিত্র রমজান মাস কবে থেকে শুরু হবে তা জানতে সোমবার জাতীয় চাঁদ দেখা কমিটির সভা হবে**

সৌদি আরবে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে এর ফলে সোমবার থেকে দেশটিতে রোজা শুরু হবে। রোববার সন্ধ্যায় পবিত্র রমজানের চাঁদ দেখা যাওয়ায় কাল থেকে সৌদিতে রোজা শুরু হচ্ছে। সংবাদমাধ্যম আরব নিউজের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। এছাড়াও সংযুক্ত আরব আমিরাতেও রমজানের চাঁদ দেখা গেছে। এদিকে পবিত্র রমজান মাস কবে থেকে শুরু হবে তা জানতে সোমবার জাতীয় চাঁদ দেখা কমিটি এর সভা হবে। রোববার ইসলামিক ফাউন্ডেশন এর সহকারী জনসংযোগ কর্মকর্তা শায়লা শারমিনের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে বাংলাদেশের ধর্ম মন্ত্রণালয় এই তথ্য জানিয়েছে। এদিকে পবিত্র মাহে রমজানের শুরুর তারিখ ঘোষণা করেছে অস্ট্রেলিয়া ইন্দোনেশিয়া মালয়েশিয়া ও ব্রুনাই। এ দেশগুলো জানিয়েছে আগামী মঙ্গলবার পবিত্র রমজান মাসের প্রথম তারিখ। রোববার ঘোষণা দেয়া হয়েছে সংযুক্ত আরব আমিরাত ভিত্তিক সংবাদ মাধ্যম গালভ নিউজ এ খবর জানিয়েছে।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১০.০৩.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**কোস্ট গার্ডকে ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা হচ্ছে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'তার সরকার একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ কোস্ট গার্ডকে অতি-আধুনিক স্মার্ট প্রযুক্তি, জাহাজ ও হেলিকপ্টার দিয়ে সজ্জিত করে একটি আধুনিক ও ত্রিমাত্রিক বাহিনীতে রূপান্তরিত করছে।' তিনি বলেন, 'কেউ পিছিয়ে থাকবে না। কোস্ট গার্ড বাহিনীতে আধুনিক প্রযুক্তিভিত্তিক জাহাজ, হেলিকপ্টার এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করার সক্ষমতা অর্জন করবে।' প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ কোস্ট গার্ডকে আধুনিক ও শক্তিশালী করার লক্ষ্যে দ্রুত এ বাহিনীতে যুক্ত হতে যাচ্ছে

উন্নত প্রযুক্তির জাহাজ, মেরিটাইম সার্ভেইল্যান্স সিস্টেম, হোভারক্রাফ্ট ও দ্রুতগতিসম্পন্ন বোট।' তিনি বলেন, 'পাশাপাশি সমুদ্রনির্ভর পেশায় নিয়োজিত জনসাধারণের ও নৌ পথের নিরাপত্তায় কোস্ট গার্ড-এর গভীর সমুদ্রে টহল উপযোগী আরো ৪টি ওপিভি, ২টি মেরিটাইম ভার্সন হেলিকপ্টার সংগ্রহের অনুমোদন দেওয়া হয়েছে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা রবিবার সকালে রাজধানীর আগারগাঁওস্থ কোস্ট গার্ড সদরদফতরে বাংলাদেশ কোস্ট গার্ডের ২৯তম প্রতিষ্ঠা বার্ষিকী এবং কোস্ট গার্ড দিবস ২০২৪ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কোস্ট গার্ডের অপারেশনাল সক্ষমতা বাড়াতে ভি-স্যাটনেট কমিউনিকেশন সিস্টেম এবং ছয়টি স্টেশন ও আউটপোস্ট এবং তাদের অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পেরও উদ্‌বোধন করেন। তিনি বলেন, 'ভি-স্যাটনেট কমিউনিকেশন সিস্টেমের অন্তর্ভুক্তি যা কোস্ট গার্ডকে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর সঙ্গে সংযুক্ত করবে এবং যোগাযোগ ও অপারেশনাল সক্ষমতা বৃদ্ধি করবে।' তিনি বলেন, 'এরই মধ্যে আমি দুটি হেলিকপ্টার উইংসহ এভিয়েশন উইং গঠনের নীতিগত অনুমোদন দিয়েছি যা সংযোজনের মাধ্যমে কোস্ট গার্ডকে ত্রিমাত্রিক বাহিনী হিসেবে গড়ে তোলা হবে।' প্রধানমন্ত্রী বলেন, 'গত ১৫ বছরে বাংলাদেশ কোস্ট গার্ডে ৪টি অফশোর প্যাট্রল ভেসেলসহ বিভিন্ন আকারের ১৬টি জাহাজ ও ১৩৮টি বোট কোস্ট গার্ড বহরে সংযোজিত হয়েছে। গভীর সমুদ্রে কোস্ট গার্ড-এর যোগাযোগ ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন আনার লক্ষ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর সঙ্গে সংযোগ স্থাপনের জন্য আজ কোস্ট গার্ড-এর নবসংযোজিত ভিস্যাটনেট সিস্টেম ও ঢাকা জোন, পূর্ব জোন এবং দক্ষিণ জোনের বিভিন্ন ভৌত অবকাঠামো নির্মাণ কাজ উদ্‌বোধন করা হয়েছে।' সম্প্রতি বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য ৯টি প্রতিস্থাপক জাহাজ নির্মাণের লক্ষ্যে একটি নতুন প্রকল্প অনুমোদন করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন। সরকার প্রধান বলেন, 'বাংলাদেশ কোস্ট গার্ড ১৯৯৫ সালে স্বল্প পরিসরে যাত্রা শুরু করে দীর্ঘ ২৯ বছরে আজ একটি আধুনিক ও যুগোপযোগী বাহিনী হিসেবে গড়ে উঠেছে।' তিনি বলেন, '১৯৯৪ সালে জাতীয় সংসদের তৎকালীন বিরোধীদল আওয়ামী লীগের আনীত বিলের কারণেই বাংলাদেশ কোস্ট গার্ড একটি আধা-সামরিক বাহিনী হিসেবে আত্মপ্রকাশ করে। এরপর ১৯৯৬ সালে গঠিত আওয়ামী লীগ সরকার কোস্ট গার্ড-এর বিভিন্ন জোনের জন্য ভূমি বরাদ্দ, অবকাঠামো নির্মাণ এবং নতুন নতুন জলযান সংযোজনের মাধ্যমে বাংলাদেশ কোস্ট গার্ড-এর অগ্রযাত্রায় বিশেষ অবদান রাখে। এরই ধারাবাহিকতায় ২০০৯ থেকে ২০২৪ পর্যন্ত ব্যাপক উন্নয়নের মাধ্যমে দেশের উপকূলীয় এবং প্রত্যন্ত অঞ্চলে কোস্ট গার্ড-এর স্টেশন ও আউটপোস্ট সমূহে কোস্টাল ক্রাইসিস ম্যানেজমেন্ট সেন্টারসহ বিভিন্ন ধরনের অবকাঠামো তৈরি করা হয়েছে। এছাড়া, বিভিন্ন আকারের জলযান নির্মাণ করা হয়েছে।' বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় কোস্ট গার্ড-এর জোনসমূহে কর্মরত সদস্যদের বাসস্থান, ব্যারাক ও প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়েছে বলেও তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, 'পটুয়াখালী অঞ্চলে নিজস্ব প্রশিক্ষণ বেইস তৈরির মাধ্যমে কোস্ট গার্ড-এর জনবলের প্রশিক্ষণ সক্ষমতাও বৃদ্ধি করা হয়েছে, যা পরবর্তীতে তিনি নিজেই 'বিসিজি বেইস অগ্রযাত্রা' নামে কমিশন করেছেন। পাশাপাশি বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের আওতায় বাংলাদেশ কোস্ট গার্ড-এর জন্য ইনশোর প্যাট্রল ভেসেল, ফ্লোটিং ক্রেন, টাগ বোট এবং বিভিন্ন ধরনের হাইস্পিড বোট তৈরি করা হয়েছে। এ বাহিনীর মেরামত ও রক্ষণাবেক্ষণ সক্ষমতা বাড়ানোর জন্য মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় একটি ডকইয়ার্ড নির্মাণ করা হয়েছে।' প্রধানমন্ত্রী বলেন, 'তিনি দৃঢ়ভাবে আশাবাদী যে আধুনিক প্রযুক্তিসম্পন্ন জাহাজ ও সরঞ্জামের অন্তর্ভূক্তি এ বাহিনীর যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবিলায় এ বাহিনীর অধিকতর সক্ষমতা বৃদ্ধি করবে এবং স্মার্ট বাংলাদেশ গঠনে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## শেখ হাসিনার হাতেই গণতন্ত্র নিরাপদ : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, 'বাংলাদেশের রাজনীতিতে প্রমাণ হয়েছে শেখ হাসিনার হাতেই এদেশের গণতন্ত্র নিরাপদ। তিনি দেশের বাস্তবতা বোঝেন। আর বিএনপি তা বুঝতে ব্যর্থ হওয়ায় রাজনীতি থেকে ক্রমে জনবিচ্ছিন্ন হয়ে পড়ছে।' রোববার, ১০ই মার্চ দুপুরে ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি। ওবায়দুল কাদের বলেন, 'শেখ হাসিনার হাতেই বাংলাদেশের উন্নয়ন ও সমৃদ্ধি। আজ এটাই বাস্তবতা। তার হাতে যতদিন আছে দেশ, পথ হারাবে না বাংলাদেশ। তিনি মানুষের চোখের ভাষা, মনের ভাষা বুঝতে পারেন। যেটা বুঝতে ব্যর্থ হয়েছে বিএনপি। বোঝে না বলেই তারা রাজনীতিতে জনবিচ্ছিন্ন হয়ে পড়ছে।' এ সময় সচিবালয় ঘেরাও কর্মসূচিতে বিএনপির সমমনাদের সহিংসতা নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'সমমনস্করা যদি ষড়যন্ত্র করে, সন্ত্রাস করে, তার মানে বিএনপির সংশ্লিষ্টতা নেই এটা মনে করার কারণ নেই। সন্ত্রাস যেখানে আছে, বিএনপি সেখানে আছে।' দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে ইউরোপীয় ইউনিয়নের সাম্প্রতিক প্রতিবেদন নিয়ে ওবায়দুল কাদের বলেন, 'তাদের নিজস্ব একটা হিসাব-নিকাশ আছে এবং পশ্চিমা বিশ্বের অ্যালায়েন্স, সে অ্যালায়েন্স রক্ষার বিষয়টি আছে, তারা কিছু নীতিমালা অনুসরণ করে। যুক্তরাষ্ট্র বাংলাদেশের নির্বাচন নিয়ে যে মন্তব্য করেছে, এখানে ইউরোপীয় ইউনিয়ন তারা তাদের সুরেই কিছুটা সুর মিলিয়েছে। তবে আমরা গুরুত্ব দেবো মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোঁ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা চিঠিতে কী বলেছেন। তারা বাংলাদেশের সঙ্গে নিবিড়ভাবে কাজ করতে আগ্রহী। তাছাড়া মানদণ্ডের বিষয়টি একেকজনের কাছে একেকরকম। বাংলাদেশে যে সাধারণ

নির্বাচন অনুষ্ঠিত হয়ে গেলো এই নির্বাচনের মানদণ্ড যদি খুবই তলানিতে গিয়ে পৌঁছাত তাহলে আজ ইউরোপীয় ইউনিয়ন, ওয়াশিংটন হাউজের প্রশংসাসূচক মন্তব্য পাওয়া থেকে বঞ্চিত হতাম। আমাদের মানদণ্ডে ঠিক আছে। বাংলাদেশের বাস্তবতায় নির্বাচনের মানদণ্ড ঠিক আছে।' সংবাদ সম্মেলনের শুরুতেই ময়মনসিংহ ও কুমিল্লা সিটি নির্বাচনসহ স্থানীয় সরকার নির্বাচন নিয়ে কথা বলেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী। জানান, 'ময়মনসিংহ ও কুমিল্লা সিটি কর্পোরেশনসহ ২৩১টি স্থানীয় সরকার নির্বাচন সম্পন্ন হয়েছে। যেখানে ভোট পড়েছে গড়ে ৬০ শতাংশ। নির্বাচন মোটামুটি অবাধ ও সুষ্ঠু হয়েছে। সরকার কোনো প্রকার হস্তক্ষেপ করেনি।' ভোট শান্তিপূর্ণ, সুষ্ঠু হওয়ায় তিনি নির্বাচন কমিশন, আইনশৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও বিজয়ী প্রার্থীদের অভিনন্দন জানান। এ সময় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'এই নির্বাচনে অনেক জায়গায় বিএনপি নেতারা অংশ নিয়েছেন। কিছু নেতা জয়লাভও করেছেন। এই নির্বাচনে দলীয় প্রতীক ছিল না। এই নির্বাচনের পরও বিএনপির মুখে নির্বাচন নিয়ে সরকারের বিরুদ্ধে আর কোনো কথা বলার যৌক্তিকতা থাকে না। তারা যত দোষ নন্দ ঘোষ, এ ধরনের একটা আচ্ছন্ন মানসিকতায় ভুগছে এবং সেটাই তারা করে যাচ্ছে।' এ সময় সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় সেখানে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম ও মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে ওবায়দুল কাদেরের কোনো বৈঠক হয়েছে কি না, এমন প্রশ্নের জবাবে জানান, 'শুনেছি তারা সেখানে গিয়েছিলেন। কিন্তু কারো সঙ্গে দেখা-সাক্ষাৎ হয়নি।' এ সময় মধ্যবর্তী নির্বাচন নিয়ে বিএনপির দাবি উড়িয়ে দিয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী প্রশ্ন রাখেন, মধ্যবর্তী নির্বাচন কোন দুঃখে, মামা বাড়ির আবদার।' সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, এস এম কামাল হোসেন, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, আফজাল হোসেন, সুজিত রায় নন্দী, দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া-সহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতারা। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## আগামী বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে : অর্থমন্ত্রী

আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে উল্লেখ করা অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, 'আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে।' রোববার, ১০ই মার্চ রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'প্রাক-বাজেট আলোচনা, বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক এক মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রি, ডিসিসিআই, দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর যৌথভাবে এ সভা আয়োজন করে। অর্থমন্ত্রী বলেন, 'আমাদের সরকার বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে। বেসরকারি খাতের প্রবৃদ্ধি এবং উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে।' তিনি বলেন, 'আমাদের সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও টেকসই স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা। এ লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারিত্ব অপরিহার্য। আমরা বিশ্বাস করি বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে।' অর্থমন্ত্রী বলেন, 'আমাদের সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নানামুখী পদক্ষেপ নিয়েছে। তার মধ্যে অন্যতম হচ্ছে আয়কর, মূসক ও শুল্ক সংক্রান্ত আইন প্রণয়ন ও সংস্কারের মাধ্যমে কর কাঠামোর সক্ষমতা বৃদ্ধি, অটোমেশন, কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ, ঋণের সুদ হার যৌক্তিক করা, অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ বৃদ্ধি এবং ব্যবসায়ীদের জন্য নানা ধরনের প্রণোদনার ব্যবস্থা করা।' তিনি বলেন, 'আমাদের এই পদক্ষেপগুলো আরো কীভাবে সুচারুভাবে বাস্তবায়ন করা যায় তা নিয়ে আমরা কাজ করছি। আশাকরি পদক্ষেপগুলো বেসরকারি খাতের উন্নয়নে সহায়ক হবে। আমরা চাই বেসরকারি খাত আরো বেশি বৃদ্ধি পাক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরো বেশি ভূমিকা পালন করুক।' আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান ক্রমশ বাড়ছে। বেসরকরি খাতের উন্নয়ন ও প্রসারে সরকার নিরলসভাবে কাজ করে গেলেও কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়ন প্রয়োজন। আমরা বাজেটে সে বিষয়গুলোর ওপর গুরুত্ব আরোপ করছি। এ লক্ষ্যে আমরা বেশকিছু পদক্ষেপ নিয়েছি। এরই মধ্যে রাজস্ব আহরণ বাড়াতে ৫০ লাখ টাকার পরিবর্তে ১০ লাখ বা তার বেশি মূসক পরিশোধে ই-পেমেন্ট, ই-চালান বাধ্যতামূলক করা হয়েছে।' তিনি বলেন, পাইকারি পণ্য ও সেবা পর্যায়ে ইএফডিএমএস-এর মাধ্যমে মূসক জাল সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে সাত হাজার এবং ক্রমান্বয়ে তিন লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করা হয়েছে। বিনিয়োগের পরিবেশ উন্নয়ন, কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম নেওয়া হচ্ছে।' অর্থমন্ত্রী বলেন, 'এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, দেশের আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্য উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলোকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। আমরা আশাকরি এই পদক্ষেপগুলো বেসরকারি খাতের প্রসারসহ আমাদের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে। আমরা বেসরকারি খাতের সঙ্গে নিয়মিত আলোচনার মাধ্যমে তাদের সমস্যা সধানে কাজ করে যাচ্ছি।' তিনি বলেন, 'বৈশ্বিক উন্নয়ন সহযোগী সংস্থার পূর্বাভাস অনুযায়ী আমাদের প্রধান রফতানি গন্তব্য যুক্তরাষ্ট্র ও ইউরোপ এবং বাণিজ্য সহযোগী অন্য দেশগুলোতে সামনের দিনে জিডিপি প্রবৃদ্ধি ইতিবাচক থাকবে। এটা একটা ভালো সংবাদ আমাদের জন্য। বিশ্বব্যাপী এবং প্রতিবেশী দেশগুলোতে ২০২৩

সালে মূল্যস্ফীতি উর্ধ্বমুখী থাকলেও ২০২৪ সালে তা ৫ দশমিক ৮ শতাংশে নামবে বলে আশা করা যাচ্ছে।' তিনি আরো বলেন, 'অর্থনীতির গতিধারা তো একটা চলমান প্রক্রিয়া। এখন ভালো আছে। পূর্বাভাসটা ভালো আছে। আমাদের কাজে এটা সাহায্য করবে। ২০২৪ সালের প্রথমার্ধে বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কিছুটা উর্ধ্বমুখী ছিল। যা বর্তমানে ৮২ দশমিক ৫ ডলারে নেমে এসেছে। কাজেই জ্বালানি তেলের মূল্য স্থিতিশীল থাকবে বলে যে পূর্বাভাস পাওয়া যাচ্ছে সেটা আমাদের কাজের জন্য সাহায্য করবে বলে আমরা আশা করছি।' অর্থমন্ত্রী বলেন, 'আমরা কাজ শুরু করেছি মাসখানেক হলো। আমরা বেশ বাধার সম্মুখীন হচ্ছিলাম। কিন্তু এরই মধ্যে নানামুখী পদক্ষেপ নিয়েছি। রফতানি আয়ের প্রবৃদ্ধি ইতিবাচক রয়েছে। যদিও ২০২৩ পর্যন্ত চলতি হিসাবের ভারসাম্যে ১ দশমিক ৯৩ ডলার ঘাটতি রয়েছে।' তিনি বলেন, '২০২৪ সালের জানুয়ারি পর্যন্ত রেমিট্যান্স আয় হয়েছিল ১২ দশমিক ৯ বিলিয়ন ডলার যা আগের বছরের একই সময়ের তুলনায় ৩ দশমিক ৬ শতাংশ বেশি। মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান স্থিতিশীল রয়েছে এবং সর্বশেষ ৬ই মার্চ বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ২৬ দশমিক ৩৪ বিলিয়ন ডলার।' তিনি আরো বলেন, 'বিগত বছরগুলোতে আমাদের সরকারের সাফল্যসমূহ হলো, অভ্যান্তরীণ ও বহিঃখাতে নানা শক্তির অভিঘাত সত্ত্বেও ২০০৯-১০ থেকে ২০২২-২৩ পর্যন্ত জিডিপির প্রবৃদ্ধির গড় হার ৬ দশমিক ৬০ শতাংশের ওপরে রাখা। বাজেট ঘাটতি জিডিপির ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখা। মূল্যস্ফীতি ধীরে ধীরে কমিয়ে আনা। বৈদেশিক মুদ্রার বিনিময় হার স্থিতিশীল রাখা। সরকারি বাজেটের আকার, রাজস্ব আয়, সরকারি ব্যয় ও বৈদেশি সাহায্যের প্রতিশ্রুতি দ্বিগুণ করা। বার্ষিক কর্মসূচির আকার বৃদ্ধি করা, মাথাপিছু আয় বাড়ানো এবং দারিদ্র্য বিমোচন।' ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ-এর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন এফবিসিসিআই-এর সাবেক সভাপতি ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ, জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য মোঃ আবুল কালাম আজাদ, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর হাবিবুর রহমান ও এনবিআর চেয়ারম্যান আবু হেনা মোঃ রহমাতুল মুনিম প্রমুখ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## শেখ হাসিনার বাংলাদেশে কেউ ভাত ও মাছের কষ্ট পাবেন না : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

রোজায় সুলভ মূল্যে দুধ, ডিম, মাছ, মাংস বিক্রি কার্যক্রম শুরু হয়েছে। রোববার, ১০ই মার্চ সকালে রাজধানীর খামারবাড়ীতে প্রাণিসম্পদ অধিদফতর প্রাঙ্গণে এ কার্যক্রমের উদ্বোধন করেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোঃ আব্দুর রহমান। প্রথম রোজা থেকে শুরু হয়ে ২৮ রমজান পর্যন্ত ঢাকার ২৫টি স্থানে এসব পণ্য বিক্রি করা হবে। ভ্রাম্যমাণ বিক্রয়কেন্দ্রগুলোতে এবার গরুর মাংস প্রতি কেজি ৬০০ টাকা, খাসির মাংস প্রতি কেজি ৯০০ টাকা, ড্রেসড ব্রয়লার প্রতি কেজি ২৫০ টাকা, দুধ প্রতি লিটার ৮০ টাকা ও ডিম প্রতিটি ৯ টাকায় বিক্রি করা হচ্ছে। এছাড়া দুই সিটির পাঁচ জায়গায় অস্থায়ী দোকানে ৬৫০ টাকা কেজিতে গরুর মাংস ও আট জায়গায় সুলভ মূল্যে মাছ বিক্রি হবে। গরু, খাসি, মুরগির মাংস এক কেজি করে কিনতে পারবেন ক্রেতারা। গত রোজায় গরুর মাংস প্রতি কেজি ৬৪০ টাকা, খাসির মাংস প্রতি কেজি ৯৪০ টাকা ও ডিম প্রতি পিস ১০ টাকায় বিক্রি হয়েছিল। অনুষ্ঠানে জানানো হয়, প্রাণিসম্পদ অধিদফতরের ৩৮ কর্মকর্তা ১০টি টিম পুরো কার্যক্রম দেখভাল করবেন। অনুষ্ঠানে আরো জানানো হয়, প্রাণিজাত পণ্যগুলো বিক্রয়ের জন্য সুসজ্জিত পিকআপ কুলভ্যান ব্যবহার করা হবে। প্রতিটি বিক্রয় কেন্দ্রে সকাল ৯টার মধ্যে প্রাণিজাত পণ্য নিয়ে কুলভ্যানগুলো পৌঁছে যাবে এবং সকাল ১০টা থেকে বিক্রয় হবে।উদ্‌বোধন করে প্রাণিসম্পদমন্ত্রী মোঃ আব্দুর রহমান বলেন, 'শেখ হাসিনার বাংলাদেশে কেউ ভাত ও মাছের কষ্ট পাবেন না।' যে দাম নির্ধারণ করা হয়েছে সেটার প্রভাব বাজারে পড়বে বলে মনে করেন তিনি। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ অধিদফতরের মহাপরিচালক ডা. মোহাম্মদ রেয়াজুল হক, সচিব সেলিম উদ্দিন, বাংলাদেশ ডেইরি ফার্মার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ইমরান।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## আগামী রমজানে অত্যাবশ্যকীয় পণ্যের দাম বেঁধে দেওয়া হবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

আগামী বছরের রমজানে মন্ত্রিসভার অনুমোদন নিয়ে অত্যাবশ্যকীয় পণ্যের একটি পূর্ণাঙ্গ তালিকা করে দাম বেঁধে দেওয়া হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। রোববার, ১০ই মার্চ সচিবালয়ে কৃষিপণ্য সরবরাহে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, টিসিবি এবং রাশিয়ার কৃষি মন্ত্রণালয়ের প্রোডিনটর্গ-এর সঙ্গে সমঝোতা স্মারক, এমওইউ সই অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা বলেন। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'সংযুক্ত আরব আমিরাতে দেখলাম ১৮টি অত্যাবশ্যকীয় পণ্যের রাষ্ট্রীয় সার্কুলার দিয়ে দিয়েছে, এই পণ্যগুলোর দাম কেউ রমজান মাসে বাড়াতে পারবে না। আমরা এবার হয়তো পারি নাই। ইনশাআল্লাহ আমাদের সাপ্লাই চেইন ইম্প্রুভ করে পর্যাপ্ত পরিমাণে সরবরাহ ইম্প্রুভ করে আগামীতে কেবিনেটের অনুমোদন নিয়ে অত্যাবশ্যকীয় পণ্যের একটা কমপ্লিটলিস্ট তৈরি করব। ওইভাবে এটার সাপ্লাই বাড়ানো এবং পণ্যের নির্ধারিত দাম আমরা যাতে ঠিক করতে পারি।' আপনারা বাজার সহনীয় পর্যায়ে রাখার চেষ্টা করছেন, কিন্তু সেভাবে প্রভাব পড়ছে না, এ বিষয়ে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'দায়িত্ব নেওয়ার পরপরই যারা রোজার অত্যাবশ্যকীয় পণ্য আমদানি ও উৎপাদন করেন তাদের সঙ্গে বসেছি। আমদানি এবং উৎপাদন পর্যাপ্ত পরিমাণে আছে, এটা আমরা নিশ্চিত হয়েছি।' বাজারে রমজান উপলক্ষে এই মুহূর্তে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কোনো ঘাটতি নেই জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, 'গত দেড় মাসে চালের বাজারে একটা অস্থিরতা ছিল। সেটা আল্লাহর অশেষ রহমতে স্থিতিশীল পর্যায়ে আছে। চালের দাম নিয়ে কোনো অভিযোগ নেই। তেলের দাম আমরা নির্ধারণ করে

দিয়েছি।' রমজান উপলক্ষে আজ থেকে বাজার তদারকি আরো বাড়াবো। যাতে কেউ সয়াবিন তেল প্রতি লিটার ১৬৩ টাকা, খোলা তেল প্রতি লিটার ১৪৯ টাকার ওপরে বিক্রি না করে। সেই ব্যাপারে আমরা কঠোর পদক্ষেপ নেবো। কোনোভাবে যাতে এটার ব্যত্যয় না হয় সেই চেষ্টা করবো। রমজান উপলক্ষে আজ থেকে আমরা বাজার পরিদর্শন শুরু করব।' আহসানুল ইসলাম টিটু বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রীও কিন্তু নির্দেশ দিয়েছেন, স্বরাষ্ট্রমন্ত্রীও কিন্তু নির্দেশ দিয়েছেন বাজারে সরবরাহ চেইনে কেউ যদি ব্যাঘাত ঘটায় তাহলে শক্ত পদক্ষেপ নেওয়া হবে। আমরা পদক্ষেপগুলো নিচ্ছি। একেবারে যে উন্নতি হয়নি তা নয়। ভারত থেকে পেঁয়াজ আনার জন্য তাদের সম্মতি আমরা পেয়েছি। দুই-একদিনের মধ্যে পেঁয়াজও ইনশাআল্লাহ বাংলাদেশে ঢুকবে।' সুপারশপগুলোতে নির্ধারিত দামের চেয়ে কমে পণ্য পাওয়া যাচ্ছে দাবি করে প্রতিমন্ত্রী বলেন, 'যখন কাঁচাবাজারে গেলাম তখন দেখলাম প্রত্যেকটি জিনিসের দাম নির্ধারিত দামের চেয়ে দুই-তিন টাকা বেশি। একেবারে খুচরা পর্যায়ে কাঁচাবাজারগুলো অস্থায়ীভাবে থাকে, ওইগুলো আমরা কীভাবে নিয়ন্ত্রণ করবো সেটা এখন বের করতে হবে।' তিনি বলেন, 'প্রথমে আমাদের উদ্দেশ্য ছিল একটাই, সরবরাহ নিশ্চিত করা, কোনোভাবেই যেন সরবরাহে ঘাটতি না হয়। আল্লাহর অশেষ রহমতে আমরা সরবরাহ নিশ্চিত করতে পেরেছি। বাজার মনিটরিং ইনশাল্লাহ আমরা বাড়াবো। টিসিবির মাধ্যমে এক কোটি পরিবারকে যে প্রয়োজনীয় দ্রব্যাদি দেওয়া হয় এটা সম্পূর্ণ শুরু হলে এতেও বাজারে একটা চাপ কমে যাবে।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'আমরা ইনশাআল্লাহ চেষ্টা করব কৃষি মন্ত্রণালয়ের সঙ্গে বসে কৃষিপণ্যের সর্বোচ্চ একটা মূল্য নির্ধারণ করে দিতে।' আহসানুল ইসলাম টিটু বলেন, 'হঠাৎ করে শুনলাম লেবুর দাম বেড়ে গেছে। এটি কিন্তু সারা বাংলাদেশের তুলনায় ঢাকার কয়েকটি জায়গায় বিচ্ছিন্ন ঘটনা হিসেবেই বলব। এটি কিন্তু গুটিকয়েক জায়গায়। সারাদেশের পরিস্থিতি কিন্তু এটা না। অনেক সময় হঠাৎ করে চাহিদা বেড়ে যায়। দেখা যাবে আজ বা কাল সবাই বাজারে ঝাঁপিয়ে পড়বো ১০/২০ দিনের সাপ্লাই একদিনে কিনে ফেলবো। ডিমান্ড বেড়ে গেলে হয়তো ওই অনুযায়ী সাপ্লাইটা আসে না। এজন্যও আকস্মিক দাম বৃদ্ধি হতে পারে।' বাণিজ্য প্রতিমন্ত্রী আরো বলেন, 'ব্যবসায়ীদের একটু সততার সঙ্গে ব্যবসাটা করতে হবে। ধর্মীয় অনুভূতিটাকে প্রাধান্য দিয়ে যাতে আমরা ব্যবসাটা করি।' রাশিয়ার সঙ্গে সমঝোতা স্মারক সইয়ের বিষয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'আমরা এখন চালে স্বয়ংসম্পূর্ণ হলেও গম, ভুট্টা, ডালের ক্ষেত্রে শতভাগ স্বয়ংসম্পূর্ণ হতে পারিনি। এগুলো আমাদের বিভিন্ন জায়গা থেকে আনতে হয়। পৃথিবীর সবচেয়ে বড় গমের উৎস হলো রাশিয়া। আজ যে প্রোডাক্টগুলো তারা সাইন করলো, রাশিয়ান ফেডারেশন থেকে তারা যদি সাপোর্ট দিতে পারে তাহলে আমাদের ফুড সেফটি এ্যান্ড সিকিউরিটির একটা বড় বাফার স্টক আমরা তৈরি করতে পারবো।' টিসিবিকে ঢেলে সাজানো হচ্ছে জানিয়ে তিনি বলেন, 'আমরা এখন টিসিবির মাধ্যমে এক কোটি পরিবারকে সাবসিডাইজ প্রাইজে পণ্য দিচ্ছি। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমরা পরবর্তীতে ফেয়ারপ্রাইজে মাল্টিপল প্রোডাক্ট সরবরাহ করব, যদি আমাদের এই রকম সোর্স থাকে। শুধু রাশিয়া থেকে নয় কয়েকটি অত্যাবশ্যকীয় পণ্য আনতে আমরা ভারতের সঙ্গেও একটি চুক্তি করার জন্য সক্রিয়ভাবে চেষ্টা করছি। মিয়ানমারের সঙ্গে একটি চুক্তি চূড়ান্ত পর্যায়ে রয়েছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## স্মার্ট বাংলাদেশে শিক্ষকদেরও স্মার্ট হতে হবে : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী রুমানা আলী বলেছেন, 'স্মার্ট বাংলাদেশে স্মার্ট শিশু যেমন তৈরি করা হবে, তেমনি শিক্ষকদেরও স্মার্ট হতে হবে। সেই লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাজ করে যাচ্ছেন। কারণ এরইমধ্যে স্মার্ট বাংলাদেশ তৈরির লক্ষ্যে প্রধানমন্ত্রী আমাদেরকে একটি এজেন্ডা দিয়েছেন। তাই সরকার প্রধানের ওপর আস্থা রাখুন, উনি আগামী প্রজন্মকে ২০৪১ সালের ভেতরে যে স্মার্ট বাংলাদেশ তৈরি করার কথা দিয়েছিলেন নিশ্চয়ই তিনি সেটি করবেন। তার জন্য যে সকল পদক্ষেপ নেওয়া দরকার সেগুলো বাস্তবায়ন করা হবে।' রোববার, ১০ই মার্চ দুপুরে সুনামগঞ্জ জেলা প্রশাসন ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে জেলার মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে সামাজিক উদ্বুদ্ধকরণ ও মা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে প্রতিমন্ত্রী এসব কথা বলেন। এছাড়াও সুনামগঞ্জের জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোছাম্মৎ নুরজাহান খাতুন, সুনামগঞ্জের পুলিশ সুপার মোহাম্মদ এহসান শাহ প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## রোজায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ থাকবে : হাইকোর্ট

পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা পৃথক দুইটি প্রজ্ঞাপন স্থগিত করেছেন হাইকোর্ট। ফলে পুরো রমজান মাসে সব প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ থাকবে। এ-সংক্রান্ত এক রিটের প্রাথমিক শুনানি নিয়ে রোববার, ১০ই মার্চ হাইকোর্টের বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে রবিবার রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ ও আইনজীবী মাহমুদা খানম। এ বিষয়ে রিটকারীর পক্ষের জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ জাগো নিউজকে জানান, 'রমজানে প্রাথমিক স্কুল ১০ দিন এবং হাইস্কুল ১৫ দিন খোলা রেখে সরকারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপন দুইমাসের জন্য স্থগিত করেছেন এবং একইসঙ্গে রুলও জারি করেছেন হাইকোর্ট।' গত ৮ ফেব্রুয়ারি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণকল্পে ২০২৪ শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি আংশিক সংশোধন পূর্বক আসন্ন পবিত্র রমজানের প্রথম ১০ দিন সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে নিয়মিত পাঠদান কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১২ মার্চ থেকে রোজা শুরু হবে। অন্যদিকে আগামী ১১ থেকে ২৫ মার্চ পর্যন্ত মোট ১৫ দিন সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয় জানায়, সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়গুলোর ২০২৪ সালের শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি আংশিক সংশোধন করা হয়েছে। এর পরে বিষয়টি নিয়ে একজন অবিভাবক রিট আবেদন করেন। ওই রিটের শুনানি নিয়ে পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা দুইটি প্রজ্ঞাপন দুই মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। এদিকে রমজানে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে গত ২৫ ফেব্রুয়ারি হাইকোর্টে রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের অপর একজন আইনজীবী মোঃ ইলিয়াছ আলী মন্ডল। কিন্তু ওই রিটের শুনানি এখনো হয়নি বলে জাগো নিউজকে জানান আইনজীবী মোঃ ইলিয়াছ আলী মণ্ডল নিজে। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## ভবন নির্মাণ অনুমোদন ও তদারকিতে কর্তৃপক্ষ করার চিন্তা সরকারের : স্বরাষ্ট্রমন্ত্রী

ভবন নির্মাণে বিভিন্ন ধরনের অনুমোদন ও তদারকির জন্য সংশ্লিষ্ট সব দফতরের সমন্বয়ে একটি সংস্থা বা কর্তৃপক্ষ করার চিন্তা-ভাবনা করছে সরকার। রোববার, ১০ই মার্চ সচিবালয়ে ২৫শে মার্চ গণহত্যা দিবস ও ২৬শে মার্চ মহান স্বাধীনতা দিবস উদযাপনের সার্বিক প্রস্তুতি সভা শেষে সাংবাদিকদের এ কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। রাজধানীর বেইলি রোডের পুড়ে যাওয়া ভবনের বিষয়ে মন্ত্রী বলেন, 'এটার কথা বলা হয়েছে, এটা রেস্টুরেন্টের জন্য তৈরি করা হয়নি। কিন্তু রেস্টুরেন্ট কে করলো, নিশ্চয়ই কারো গাফিলতি আছে। গাফিলতি যার আছে তাকে আইনের মুখোমুখি হতে হবে।' তিনি বলেন, 'আমরা একটা অথরিটি চাচ্ছি। হয় ফায়ার সার্ভিস, না হয় রাজউক, না হয় পুলিশের কেউ একজন অথরিটি থাকবে। এ অথরিটি পুরো দায়িত্ব নেবে। সবাই মিলে একটা অথরিটি হবে, সেখানে ফায়ার সার্ভিস থাকবে, মেয়র সাহেবের প্রতিনিধি থাকবে। সবাইকে নিয়ে একটা অথরিটি করার চিন্তা করছি। তবে সেটা এখনো চূড়ান্ত হয়নি।' গত ২৯শে ফেব্রুয়ারি দিনগত রাতে বেইলি রোডের গ্রিন কোজি কটেজ নামের আট তলা একটি ভবনে ভয়াবহ অগ্নিকাণ্ডে ৪৬ জনের প্রাণহানি হয়। বাণিজ্যিক ভবন হিসেবে অনুমোদন নিলেও ভবনটিতে রেস্তোরাঁ ব্যবসার অনুমতি ছিল না। অথচ ভবনটিতে ছিল ১৪টি রেস্তোরাঁ ও খাবারের দোকান। এছাড়া ওই ভবনে অগ্নিনির্বাপণ ব্যবস্থাও ছিল না। ভবনের একমাত্র সিঁড়িটিও ছিল ব্যবহার অনুপযোগী। ওই অগ্নিকাণ্ডের ঘটনার পর রাজধানীর বিভিন্ন এলাকায় নামিদামি অনেক হোটেল ও রেস্টুরেন্টে অভিযান চালানো হয়। অনেক প্রতিষ্ঠান বন্ধ করে দেয় আইনশৃঙ্খলা বাহিনী। বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় পাওয়া যায় চরম অনিয়মের চিত্র।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## বিদেশে বসে দেশ বিরোধী ষড়যন্ত্রকারীদের তালিকা করুন : পররাষ্ট্রমন্ত্রী

বিদেশে বসে যারা দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র, অপপ্রচার ও বিষোদগার করে তাদের তালিকা তৈরির জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। সংযুক্ত আরব আমিরাতে দুইদিনের সরকারি সফরের শেষদিন স্থানীয় সময় শনিবার, ৯ই মার্চ রাত সাড়ে ৯টায় আবুধাবির একটি হোটেলে আরব আমিরাত প্রবাসী বাংলাদেশিদের আয়োজিত সংবর্ধনায় অংশ নিয়ে তিনি এ আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'প্রত্যেক প্রবাসীই দেশের প্রতিনিধি এবং তাদের আচরণেই দেশ পরিচিত হয়। বিদেশে বসে দেশ ও সরকার বিরোধী প্রচারণা বন্ধে এবং প্রবাসে আইনশৃঙ্খলা বিরোধী কার্যক্রম থেকে বিরত থাকতে শক্তিশালী ভূমিকা রাখা প্রবাসীদের দায়িত্ব। বিদেশে বসে দেশের বিরুদ্ধে যারা ষড়যন্ত্র, অপপ্রচার ও বিষোদগার করে তাদের তালিকা তৈরি করুন। সরকার তদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নিতে বদ্ধপরিকর।' এসময় প্রবাসীদের কল্যাণে সরকারের নানা পদক্ষেপ তুলে ধরেন মন্ত্রী। সবাই বৈধ পথে রেমিট্যান্স পাঠালে দেশের অর্থনীতিতে সেটি বড় ভূমিকা রাখে উল্লেখ করে পররাষ্ট্রমন্ত্রী প্রবাসী বাংলাদেশিদের বৈধ পথে রেমিট্যান্স পাঠানোর আহ্বান জানান। ড. হাছান মাহমুদ বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশ অদম্য উন্নয়ন অভিযাত্রায় এগিয়ে চলেছে। বাংলাদেশ মাথাপিছু আয়সহ বিভিন্ন সামাজিক-অর্থনৈতিক সূচকে গত বছরগুলোতে ভারত ও পাকিস্তানকে ছাড়িয়ে গেছে। সারাবিশ্ব বাংলাদেশের পুনরায় নির্বাচিত সরকারের সঙ্গে কাজের আগ্রহ পুনর্ব্যক্ত করেছে।' বঙ্গবন্ধু পরিষদ কেন্দ্রীয় কমিটির আবুধাবি শাখা সভাপতি আলহাজ্ব ইফতেখার হোসেন বাবুলের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাসির উদ্দিন তালুকদারের সঞ্চালনায় জাতীয় সংসদের হুইপ সাইমুম সরওয়ার কমল, আবুধাবিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ আবু জাফর, আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট সিরাজুল মোস্তফা বিশেষ অতিথির বক্তব্য দেন। সভায় অন্যদের মধ্যে চট্টগ্রাম দক্ষিণ জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শাহজাদা মহিউদ্দিন, আওয়ামী যুবলীগের যুগ্ম সম্পাদক বদিউল আলম বদি, আবুধাবি বঙ্গবন্ধু পরিষদের সহ-সভাপতি শওকাত আকবর, শেখ জায়েদ ইউনিভার্সিটির অধ্যাপক খন্দকার হাবিবুল হক, বিশিষ্ট ব্যবসায়ী মাওলানা ফজলুর রহমান চৌধুরী প্রমুখ বক্তৃতা করেন। আমিরাতের প্রবাসীরা তাদের বক্তব্যে স্থানীয় বাংলাদেশি স্কুলের বিভিন্ন দাবি দাওয়া, প্রবাসীদের সন্তানদের দেশে শিক্ষা কোটা চালু, প্রবাসীদের বাংলাদেশে পাসপোর্ট ইস্যু ও বিভিন্ন সেবা প্রদান সহজ করা, রেমিট্যান্স প্রেরকদের স্বীকৃতিদান, রেমিট্যান্স প্রেরণে ভর্তুকি প্রদান

সংক্রান্ত জটিলতা নিরসনে পররাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেন। মন্ত্রী এসব বিষয়ে নজর দেওয়ার আশ্বাস দেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

**ধর্মঘটে যাবেন না, দাবি পূরণে কাজ করছি : কোয়াবকে তথ্য প্রতিমন্ত্রী**

ক্যাবল অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের, কোয়াব নেতাদের ধর্মঘটে না যাওয়ার আহ্বান জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। দাবি পূরণে মন্ত্রণালয় কাজ করছে বলেও জানিয়েছেন তিনি। রোববার, ১০ই মার্চ সচিবালয়ে বাংলাদেশের নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত মেরি মাসদুপুইয়ের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন প্রতিমন্ত্রী। সোমবার, ১১ই মার্চ সন্ধ্যা ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত চার ঘণ্টা ধর্মঘট ডেকেছে কেবল অপারেটরা। ওটিটি প্ল্যাটফর্ম এবং ইন্টারনেট সার্ভিস প্রোভাইডাররা বাংলাদেশি চ্যানেলগুলোকে দেখাচ্ছে। এর প্রতিবাদে কেবল অপারেটররা সোমবার ধর্মঘট ডেকেছেন। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে প্রতিমন্ত্রী বলেন, ‘আমি কোয়াব মেম্বারদের বলব এ ধরনের ধর্মঘট ডাকা থেকে বিরত থাকার জন্য। কেন বলবো, কারণ আমি তো তাদের সঙ্গে বসেছি, কথা বলেছি। তারা এ বিষয়গুলো আমার কাছে তুলে ধরেছেন।’ তিনি বলেন, ‘এগুলো তুলে ধরার পর আমি একটি বিষয় পরিষ্কারভাবে বলেছি, আইনের বাইরে গিয়ে কেউ কোনো কিছু করতে পারবে না। ওটিটি প্ল্যাটফর্মগুলো যা করছে সবগুলো চ্যানেলকে প্যাকেজ করে এটাতো বেআইনি। আমি মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছি এগুলো দেখার জন্য। ইতিমধ্যে মন্ত্রণালয় থেকে চিঠি দিয়েছি। কোয়াব থেকে দুইজন, অ্যাটকো থেকে দুইজন, আইএসপি অ্যাসোসিয়েশন থেকে দুইজন প্রতিনিধি পাঠাতে, ডিটিএইচ থেকেও প্রতিনিধি পাঠাতে বলা হয়েছে। তাদের নিয়ে একটি কোলাবরেশন সেল করা হয়েছে, শিগগীরি মিটিং হবে।’ মোহাম্মদ আলী আরাফাত বলেন, ‘সেখান থেকে সবগুলো সমস্যার সমাধানের পথে আমরা এগোবো। আমরা যেহেতু কথাগুলো শুনেছি এবং কাজ করছি, মাঝপথে এসে আমি মনে করি এ ধরনের ধর্মঘটে যাওয়া ঠিক হবে না। আমি তাদের অনুরোধ করবো এগুলোর মধ্যে না গিয়ে আমরা তো কাজ করছি, কথা বলছি। আইনের মধ্য থেকে সব সমস্যার সমাধান করব।’ ফ্রান্সের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, 'ফ্রান্সে সামাজিক যোগাযোগমাধ্যম কিংবা মূল ধারার গণমাধ্যমে অপতথ্য কীভাবে ডিল করে সেটি নিয়ে আলোচনা হয়েছে। রাষ্ট্রদূত আরেকটি কথা বলেছেন যে, রেগুলেশন গণমাধ্যমে স্বাধীনতাকে যেভাবে ব্যাহত করতে পারে, আবার গণমাধ্যমের স্বাধীনতাকে সংরক্ষণ করার জন্য রেগুলেশন দরকার।' তিনি বলেন, ‘আমি চাচ্ছি, ইউরোপীয় ইউনিয়ন বা পাশ্চাত্যের দেশগুলো অপতথ্য কীভাবে ব্যবস্থাপনা করে সেই বিষয়গুলো জানা ও বুঝা।’ বাংলাদেশের সরকার এবং মানুষের প্রতি ফ্রান্সের আস্থা আছে জানিয়ে তথ্য প্রতিমন্ত্রী বলেন, 'ফ্রান্স বিভিন্ন বিষয়ে বাংলাদেশের সঙ্গে কাজ করতে চায়। অপতথ্য মোকাবিলায় তারা আমাদের সঙ্গে কাজ করবে।' তিনি আরো বলেন, ‘এমনকি তাদের চ্যানেল ফ্রান্স-২৪ সরকারি সাবসিডি নিয়ে চলে, আমি বলেছি বিটিভির সঙ্গে আমরা একটি কোলাবারেশন করতে চাই। সে বিষয়ে আমি সহযোগিতা চেয়েছি।’
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

**রমজানে বাজার স্থিতিশীল রাখতে সমন্বিত অভিযান চালানো হবে : শিল্পমন্ত্রী**

আসন্ন রমজানে যেসব ব্যবসায়ী কৃত্রিম উপায়ে নিত্যপণ্যের দাম বাড়াবে তাদের বিষয়ে সরকার জিরো টলারেন্স নীতি অবলম্বন করবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রীর নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন। রোববার, ১০ই মার্চ বিকেল ৩টায় তেজগাঁওয়ে বাংলাদেশ স্টান্ডার্ড এ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট, বিএসটিআই-এ এক সংবাদ সম্মেলনে এ কথা জানান তিনি। মাহে রমজানে নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যের মান নিয়ন্ত্রণে বিএসটিআই-এর বিশেষ কার্যক্রম সম্পর্কে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী বলেন, 'রমজানে বাজার স্থিতিশীল রাখতে সমন্বিত অভিযান চালানো হবে। তবে এ অভিযানে ভালো ব্যবসায়ীরা যাতে হয়রানির শিকার না হন সে বিষয় খেয়াল রাখা হবে। একই সঙ্গে ব্যবসাবান্ধব পরিবেশ বজায় রাখতেও কাজ করবে বিএসটিআই।' রমজানের চাহিদা পুঁজি করে দ্রব্যমূল্যের দাম বাড়ছে। ক্রেতাদের নাগালের বাইরে খেঁজুর। এখন দেখা যায় ১০০ টাকার খেঁজুর ২০০ টাকা করে বিক্রি হচ্ছে। এ ক্ষেত্রে বিএসটিআই-এর কাজ কী হবে? জবাবে শিল্পমন্ত্রী বলেন, 'এটি বাণিজ্য মন্ত্রণালয় দেখবে।' এসময় শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন আরো বলেন, 'আকস্মিকভাবে পরিচালিত অভিযানে বিশেষ করে রোজাদাররা সচরাচর যে খাবার ও পানীয় গ্রহণ করে থাকেন, সেগুলোর ওপর বিশেষ নজর দেওয়া হবে। এসময় ফলমূল, পানীয়, ফলের সিরাপ, মুড়ি, খেজুর, কোমল পানীয় পাউডার, কার্বোনেটেড বেভারেজ, ভোজ্যতেল, সরিষার তেল, ঘি, পাস্তুরিত দুধ, নুডলস, সেমাই, পানি, ডেক্সট্রোজ মনোহাইড্রেট এবং ইফতার সামগ্রীর মান ও দাম নিয়ন্ত্রণ করা হবে।' তিনি বলেন, 'সারাদেশ থেকে মোট ৬১৬টি খাদ্যপণ্যের নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে এ পর্যন্ত পরীক্ষা করা হয়েছে ৫৬২টি। যার মধ্যে মানসম্মত নমুনা ৫১১টি, নিম্নমানের নমুনা ৫১টি । এছাড়া আরো ৫৪টি নমুনা পরীক্ষাধীন রয়েছে। নিম্নমানের পণ্য সরবরাহকারীদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। শোকজের পর ১০টি প্রতিষ্ঠান তাদের পণ্যের মান উন্নয়ন করে বিএসটিআইকে অবহিত করায় তাদের পণ্য পুনরায় পরীক্ষার জন্য ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়েছে।' শিল্পমন্ত্রী আরো জানান, 'জুলাই ২০২৩ থেকে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বিএসটিআই পণ্যের মান নিয়ন্ত্রণ ও পণ্যের ওজন ও পরিমাপে কারচুপি রোধকল্পে ১ হাজার ৫৫৩টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ১ হাজার ৫৪৩টি মামলা দায়ের করে এবং ৪ কোটি ৮৪ লাখ ২৮ হাজার টাকা জরিমানা করে। এসময়ে ২৩টি

কারখানা সিলগালা করা হয় এবং পরিমাপে কম দেওয়ায় প্রেট্রোল পাম্পের ৩৯২টি ইউনিট সিলগালা করা হয়। এছাড়া উক্ত সময়ে ড্রিংকিং ওয়টার, ভোজ্যতেল ও অবৈধ প্রসাধনীর বিষয়ে বিশেষ মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।' শিল্পমন্ত্রী আরো জানান, 'বিএসটিআই পণ্যের হালাল সনদ প্রদান শুরু করছে। এরই মধ্যে ৮৪টি পণ্যের হালাল সার্টিফিকেট দেওয়া হয়েছ। বিএসটিআই হালাল সনদ প্রদানকালে ধর্মীয় দিকের পাশাপাশি পণ্যের স্ট্যান্ডার্ড এ্যান্ড সেফটির বিষয়টি একদল অডিট টিমের মাধ্যমে যাচাই করে দক্ষতার সঙ্গে দেখে থাকে। যার ফলে বিএসটিআই-এর হালাল সনদ আন্তর্জাতিকভাবে স্বীকৃত।' অনলাইনে পণ্য ক্রয়ের পূর্বে বিএসটিআই-এর অনুমোদন নিশ্চিত হয়ে পণ্যের অর্ডার করার পরামর্শ প্রদান করেন শিল্পমন্ত্রী। প্রয়োজনে বিএসটিআই-এর হটলাইন, ১৬১১৯-এ ফোন দিয়ে নিশ্চিত হওয়ার অনুরোধ জানান তিনি। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বিএসটিআই-এর পক্ষ থেকে জানানো হয়, বিএসটিআই নিয়মিতভাবে ভেজাল বিরোধী অভিযান পরিচালনা করে থাকে। প্রতি বছর রমজান উপলক্ষে নিয়মিত অভিযানের পাশাপাশি ভেজাল বিরোধী বিশেষ অভিযানও পরিচালনা করে থাকে। এবারো রমজান মাসে জনসাধারণ যাতে মানসম্মত খাদ্য ও পানীয় পেতে পারে তা নিশ্চিত করার লক্ষ্যে এ ধরনের অভিযানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে পণ্যের মান নিয়ন্ত্রণ এবং পণ্যের ওজন ও পরিমাপে কারচুপি রোধকল্পে চলমান মোবাইল কোর্ট ও সার্ভিল্যান্স কার্যক্রম জোরদার করা হবে। ঢাকা মহানগরীতে বিএসটিআই-এর নিজস্ব নির্বাহী ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে আইনশৃঙ্খলা বাহিনীর সহায়তায় বন্ধের দিনসহ প্রতিদিন ৩টি করে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে। এছাড়া ঢাকা মহানগরীর পার্শ্ববর্তী জেলা ও উপজেলায় যেমন, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, নরসিংদী, গাজীপুর, কিশোরগঞ্জ, সাভার ও ভৈরবসহ ঢাকা বিভাগের সব উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। জেলা বা উপজেলা প্রশাসনের সহযোগিতায় বিএসটিআই-এর সব বিভাগীয় বা জেলা কার্যালয় থেকে প্রতিদিন একাধিক মোবাইল কোর্ট পরিচালনা করার নির্দেশ দেওয়া হয়েছে। এছাড়া র‌্যাব এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের সঙ্গে যৌথভাবে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। মোবাইল কোর্ট পরিচালনার পাশাপাশি দেশব্যাপী বিএসটিআই-এর সার্ভিল্যান্স টিমের অভিযান ও বাজার মনিটরিং কার্যক্রম আরো জোরদার করা হবে। সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, এ কার্যক্রম পরিচালনকালে অনৈতিকভাবে সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে যেনো পণ্য বিক্রি করতে না পারে বিএসটিআই তা মনিটরিং করবে এবং শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে। সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, হাইকোর্টের পূর্বের নির্দেশ থাকায় এবং জনস্বার্থ বিবেচনা করে বিএসটিআই ফলমূলে ফরমালিন পরীক্ষা করে থাকে। এ বছর ১৯২টি নমুনা বাজার থেকে ক্রয় করে ফরমালিনের উপস্থিতি পরীক্ষা করা হয়। তবে কোনোটিতে ফরমালিনের উপস্থিতি পাওয়া যায়নি। এসময় শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা, বিএসটিআই-এর মহাপরিচালক এস এম ফেরদৌস আলম প্রমুখ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোকে স্বাবলম্বী হতে হবে : স্থানীয় সরকারমন্ত্রী

সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানগুলোকে আর্থিকভাবে স্বাবলম্বী হওয়ার ওপর গুরুত্ব আরোপ করে স্থানীয় সরকারমন্ত্রী মোঃ তাজুল ইসলাম বলেছেন, 'টেকসই ও উন্নতসেবা দেওয়ার জন্য প্রতিষ্ঠানগুলোর আর্থিক স্বাবলম্বী হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাথমিকভাবে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানকে ভর্তুকি দেওয়া হলেও তা দীর্ঘমেয়াদে কার্যকরী কোনো সমাধান নয়। প্রতিটি প্রতিষ্ঠানকেই ধীরে ধীরে নিজের সক্ষমতা তৈরি করে শক্তিশালী অবস্থানে পৌঁছাতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশের যে পথনকশা তৈরি করেছেন সেই লক্ষ্যে পৌঁছাতে গেলে এছাড়া কোনো বিকল্প নেই।' রোববার, ১০ই মার্চ ঢাকার একটি অভিজাত হোটেলে ঢাকা ওয়াসার ২০২২-২৩ অর্থবছরে বিল কালেকশন পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। এসময় পানি ও বিদ্যুৎ খাতে ভর্তুকি ব্যবস্থার বিপক্ষে অবস্থান নিয়ে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, 'মানুষের আয় বৃদ্ধির জন্য আমাদের ঐক্যবদ্ধভাবে প্রচেষ্টা চালাতে হবে। যাতে মানুষ বিদ্যুৎ এবং পানি নিজের টাকায় কিনে খরচ করতে পারে।' তিনি কৃষিক্ষেত্রে ভর্তুকির প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, 'কৃষিক্ষেত্রে আমাদের কৃষক এবং তাদের উৎপাদিত পণ্যের বিপণন ব্যবস্থা শক্তিশালী করতে হবে যাতে ভবিষ্যতে এক্ষেত্রেও আমাদের ভর্তুকি দিতে না হয়।' ঢাকার আশপাশের নদীগুলোকে দূষণমুক্ত রাখার ওপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, 'রাজধানী ঢাকাকে বসবাসযোগ্য রাখতে হলে এ নদীগুলো দূষণমুক্ত করে এগুলোর নাব্য নিশ্চিত করা জরুরি।' মন্ত্রী বলেন, 'সুপেয় পানি মানুষের অন্যতম গুরুত্বপূর্ণ চাহিদা। ওয়াসার আগে অনেক ঘাটতি থাকলেও সেগুলোর সমাধান করে বর্তমানে ঢাকার বাসিন্দাদের পানি সরবরাহ ব্যবস্থা উন্নত হয়েছে। ঢাকাতে পাঁচ ভাগে ভাগ করে পয়োনিষ্কাশন ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।' অনুষ্ঠানে সভাপতির বক্তব্য দেন ঢাকা ওয়াসার এমডি প্রকৌশলী তাকসিম এ খান এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন স্থানীয় সরকার বিভাগের সচিব মুহম্মদ ইবরাহিম, অর্থ বিভাগের সচিব ড. মোঃ খায়রুজ্জামান মজুমদার, ঢাকা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. সুজিত কুমার বালা।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## রমজানে মানুষকে জিম্মি করলে কেউ রেহাই পাবে না : পাটমন্ত্রী

রমজান মাসে মানুষকে জিম্মি করলে কেউ রেহাই পাবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন বস্ত্র ও পাটমন্ত্রী জাহাঙ্গীর কবির নানক। রোববার ১০ই মার্চ সকালে রাজধানীর শ্যামলী মাঠের সামনে রমজান উপলক্ষে মাসব্যাপী সুলভ মূল্যে

নিত্যপ্রয়োজনী পণ্য বিক্রি কার্যক্রমের উদ্‌বোধনী অনুষ্ঠানে তিনি এ হুঁশিয়ারি দেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয় এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। মন্ত্রী বলেন, 'যারা রমজান মাসে মানুষকে জিম্মি করে উপার্জনের পথ বেছে নিয়েছে তাদের আমি একটি সতর্কবাণী দিলাম, দলের সঙ্গে চ্যালেঞ্জ করে কেউ রেহাই পাবে না।' নানক বলেন, 'আমি স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রী থাকাকালে বাজারের সম্পর্কে অবহিত ছিলাম। বাজার সম্পর্কে আমার ধারণা আছে। কুমিল্লা নিমসার বাজার থেকে আমরা যখন ১০ টাকা দিয়ে কৃষকের কাছ থেকে একটু ফুলকপি ক্রয় করি সেটি যখন কারওয়ান বাজার হয়ে নিউমার্কেট বা টাউন হল মার্কেট আসে তখন এটি ৫০ টাকা হয়ে যায়। কৃষক পেল ১০ টাকা, আর বিক্রি হলো ৫০ টাকা। মাঝখানে যে সুভংকরের ফাঁকি, যে বিরাট ব্যবধান, এটা আশ্চর্যজনক ব্যবধান।' বস্ত্র ও পাটমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী বাজার দর নিয়ে বারবার সতর্ক করেছেন। বারবার কঠিন বার্তা দিচ্ছেন। তারপরও যারা বাজার দর নিয়ন্ত্রণে আনছে না, তাদের আমি শুধুমাত্র একটি চ্যালেঞ্জ দিয়েছি।' এ সরকারের পতন না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চালিয়ে যাবে বলে বিএনপি নেতা মির্জা আব্বাসের বক্তব্যের জবাবে তিনি বলেন, 'এ কথা শুনতে শুনতে আমাদের কান জ্বালাপালা হয়ে গেছে। সাধারণ জনগণের কাছে এটি একটি হাস্যকর কথায় পরিণত হয়েছে। তাদের বাস্তবতা উপলব্ধি করতে হবে। লন্ডনের সুতার টানে বাংলাদেশের জনগণ কোনো ধ্বংসাত্মক কর্মকাণ্ডে যাবে না। জনগণের বিরুদ্ধে জনগণ যাবে না। জনগণ শেখ হাসিনার পাশে আছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## রায়ের কপি না পাওয়ায় সিদ্ধান্ত নিতে পারছে না শিক্ষা মন্ত্রণালয়

আসন্ন রমজানে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা দিয়েছেন হাইকোর্ট। তবে রায়ের কপি না পাওয়ায় এখনই এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারছে না শিক্ষা মন্ত্রণালয়। রায়ের কপি পাওয়ার পর রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেলের সঙ্গে আলোচনা করে এ বিষয়ে সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে। রোববার, ১০ই মার্চ সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এম এ খায়েরের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, রমজানে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার বিষয়ে হাইকোর্টের আদেশের পরিপ্রেক্ষিতে সরকারের অবস্থান হলো, 'আমরা এখনো রায়ের কপি হাতে পাইনি। সেটি পেলে অ্যাটর্নি জেনারেলের সঙ্গে কথা বলে সিদ্ধান্ত নেওয়া হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## রমজানের শেষ ১৫ দিন বাড়বে মেট্রোরেল চলাচলের সময়

রমজানের শেষ ১৫ দিন ট্রেন চলাচলের সময় উভয় দিকে এক ঘণ্টা করে বাড়ানো হবে। মতিঝিল থেকে সর্বশেষ ট্রেন রাত ৯টা ৪০ মিনিটে এবং উত্তরা থেকে সর্বশেষ ট্রেন রাত ৯টা ২০ মিনিটে ছাড়বে। এছাড়া ইফতারের আগ মুহূর্তে আড়াইশ মিলি লিটার পানি বহন করা যাবে বলে জানিয়েছে মেট্রোরেল পরিচালনাকারী প্রতিষ্ঠান ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, ডিএমটিসিএল। রোববার, ১০ই মার্চ বিকেলে রাজধানীর ইস্কাটনে ডিএমটিসিএলের সভাকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডিএমটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এম এ এন ছিদ্দিক। এম এ এন ছিদ্দিক বলেন, 'রমজান মাসের প্রথম ১৫ দিন মেট্রোরেল চলাচলে সময়ের কোনো পরিবর্তন হবে না। তবে শেষ ১৫ দিন ট্রেন চলাচলের সময় উভয় দিকে একঘণ্টা করে বাড়বে। ইফতারের আগে-পরে ২৫০ এমএল পানির বোতল বহন করা যাবে। এক্ষেত্রে অবশ্যই পানির বোতল বিনে ফেলতে হবে। যেখানে-সেখানে ফেলা যাবে না। ট্রেনের ভেতর ও বাইরে এলইডি স্ক্রিনে ইফতারের সময়সূচি প্রদর্শিত হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## দেশে গত ২৪ ঘণ্টায় ৩২ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত

দেশে গত ২৪ ঘণ্টায় ৩২ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৮ হাজার ৯১৪ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৯২ জনে অবস্থান করছে। রোববার, ১০ই মার্চ স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৪৯ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৫ হাজার ৯১৪ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৫৮৭ জনের নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ৪৫ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম মারা গেছেন

প্রধানমন্ত্রীর প্রেস সচিব বীর মুক্তিযোদ্ধা ইহসানুল করিম মারা গেছেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। রোববার, ১০ই মার্চ রাতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তার বয়স হয়েছিল ৭৪ বছর। সন্ধ্যায় প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান জাহিদ তুষার এ তথ্য নিশ্চিত করেছেন। ইহসানুল করিমের মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। ইহসানুল করিম ২০১৫ সালের ১৫ জুন থেকে প্রধানমন্ত্রীর প্রেস সচিব হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তিনি এর আগে রাষ্ট্রপতির প্রেস সচিব এবং বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদকের দায়িত্ব পালন করেন। তিনি গত বছরের ডিসেম্বর থেকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। ওই হাসপাতালেই তার মরদেহ রাখা হয়েছে। ১৯৭২ সালে বাসসের নিজস্ব প্রতিবেদক হিসেবে কর্মজীবন শুরু করেন

ইহসানুল করিম। সংবাদ সংস্থাটির বিভিন্ন পদে তিনি দায়িত্ব পালন করেছেন। ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত ভারতের নয়াদিল্লিতে সংস্থাটির ব্যুরো প্রধানের দায়িত্বও পালন করেন তিনি।তিনি আন্তর্জাতিক সংবাদমাধ্যম বিবিসি, ভারতের পিটিআই, দ্যা স্টেটসম্যান ও ইন্ডিয়া টুডেসহ বিভিন্ন পত্রিকায় বাংলাদেশ প্রতিবেদক হিসেবে কাজ করেছেন। ২০১৩ সালের ১২ ফেব্রুয়ারি বাসসের প্রধান সম্পাদক ও ব্যবস্থাপনা পরিচালক হিসেবে চার বছর দায়িত্ব পালনের পর অবসর নেন ইহসানুল। ওই বছরের ২০ মে জনপ্রশাসন মন্ত্রণালয় তাকে তৎকালীন রাষ্ট্রপতি আবদুল হামিদের প্রেস সচিব হিসেবে নিয়োগ দেয়। ২১ মে তিনি প্রেস সচিব হিসেবে রাষ্ট্রপতির কার্যালয়ে দায়িত্ব নেন। ২০১৫ সালের জুন পর্যন্ত এ দায়িত্ব পালন করেন। ১৯৫১ সালের ৫ জানুয়ারি জন্ম নেওয়া ইহসানুল করিম ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতকোত্তর করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

## ৮ দিনে রেমিট্যান্স এলো ৫ হাজার ৬৪২ কোটি টাকা

চলতি মার্চ মাসের প্রথম আট দিনে প্রবাসী বাংলাদেশিরা ৫১ কোটি ২৯ লাখ ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ পাঁচ হাজার ৬৪১ কোটি ৯০ লাখ টাকা। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। রেমিট্যান্স প্রবাহের এ ধারা অব্যাহত থাকলে মাস শেষে এর পরিমাণ প্রায় দুই বিলিয়ন ডলারে পৌঁছাবে। বাংলাদেশ ব্যাংকের তথ্য বলছে, মার্চে প্রথম আট দিনে ৫১ কোটি ২৯ লাখ ১০ হাজার ডলারের রেমিট্যান্স এসেছে দেশে। তার মধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংকের মাধ্যমে এসেছে পাঁচ কোটি ২৪ লাখ ২০ হাজার ডলার, দুই বিশেষায়িত ব্যাংকের মধ্যে একটি ব্যাংক (কৃষি ব্যাংক) থেকে এসেছে ৯৭ লাখ ২০ হাজার ডলার। বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৪৪ কোটি ৯০ লাখ ১০ হাজার ডলার এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ১৭ লাখ ৬০ হাজার ডলার। আলোচিত সময়ের মধ্যে কোনো রেমিট্যান্স আসেনি এমন ব্যাংকের সংখ্যা ১২টি। তার মধ্যে রয়েছে রাষ্ট্রীয় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক বা বিডিবিএল, বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক বা রাকাব, বেসরকারি খাতের বেঙ্গল কমার্সিয়াল ব্যাংক, কমিউনিটি ব্যাংক, সিটিজেনস ব্যাংক, আইসিবি ব্যাংক ও সীমান্ত ব্যাংক। এছাড়া বিদেশি ব্যাংকগুলোর মধ্যে রয়েছে সিটি ব্যাংক এনএ, হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া এবং উরি ব্যাংক। এর আগে সবশেষ ফেব্রুয়ারি মাসের পুরো সময়ে বিভিন্ন দেশে কর্মরত প্রবাসীরা মোট ২১৬ কোটি ৬০ লাখ ডলার বা ২৩ হাজার ৮২৬ কোটি টাকা পাঠিয়েছিলেন। নতুন বছরের প্রথম মাস জানুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ২০১ কোটি ডলার বা ২ দশমিক ১ বিলিয়ন ডলার বা ২২ হাজার ১১০ কোটি টাকা। আর বিদায়ী বছরের শেষ মাস ডিসেম্বরে ১৯৮ কোটি ৯৮ লাখ ৭০ হাজার ডলার বা ২১ হাজার ৮০০ কোটি টাকার বেশি রেমিট্যান্স পাঠিয়েছিলেন প্রবাসীরা। খাত সংশ্লিষ্টদের মতে, ২০২০ সালে হুন্ডি বন্ধ থাকায় ব্যাংকিং চ্যানেলে সর্বোচ্চ সংখ্যক রেমিট্যান্স এসেছিল। বিদায়ী ২০২২-২৩ অর্থবছরে ব্যাংকিং চ্যানেলে প্রবাসীরা পাঠিয়েছেন দুই হাজার ১৬১ কোটি মার্কিন ডলার। এটি এ যাবৎকালের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। এর আগে করোনাকালীন ২০২০-২১ অর্থবছরে সর্বোচ্চ দুই হাজার ৪৭৭ কোটি ডলারের রেমিট্যান্স এসেছিল দেশে। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.০৩.২০২৪ প্রতীক)

# BBC

## US MILITARY SHIP HEADING TO GAZA TO BUILD PORT

A US military ship is sailing towards the Middle East, carrying equipment to build a temporary pier off the coast of Gaza, the army says. The support ship, General Frank S Besson, set sail from a military base in the state of Virginia on Saturday. It comes after President Joe Biden said the US would build the floating harbour to help get aid into Gaza by sea. The UN has warned that famine in the Gaza Strip is almost inevitable and children are starving to death. Aid deliveries by land and air have proved difficult and dangerous.
(BBC Web Page: 10/03/24, FARUK)

## IDF COMPLETES ROAD ACROSS GAZA, SATELLITE IMAGES SHOW

The Israel Defence Forces (IDF) has finished building a new road which runs across northern Gaza from east to west, according to satellite images verified by the BBC. The IDF told the BBC they were attempting to gain an "operational foothold", and facilitate the movement of troops and equipment. But some experts fear it will used as a barrier, preventing Palestinians from returning to their homes in the north. Others said it appeared to be part of an Israeli plan to remain in Gaza beyond the end of current hostilities.
(BBC Web Page: 10/03/24, FARUK)

## BIDEN AND TRUMP HOLD COMPETING RALLIES IN GEORGIA

Donald Trump and Joe Biden have both held campaign rallies in the US state of Georgia, as their general election showdown comes into greater focus. The former president, Donald Trump, 77, slammed Thursday's State of the Union speech as an "angry, dark and hate-filled rant". An hour later, President Joe Biden, 81, unveiled new endorsement as he went on the offence against his rival. Both men are now within striking distance of clinching their respective party nominations for president. (BBC Web Page: 10/03/24, FARUK)

**PORTUGAL VOTES AS FAR RIGHT SEEKS KINGMAKER ROLE**

Portugal has gone to the polls, in a vote that will either keep the centre-left in power or shift the country to the right. Opinion polls suggest neither the Socialists nor the opposition centre-right is likely to win outright. This could leave the far-right Chega party as kingmaker, although mainstream rivals have vowed to sideline it. The election comes four months after Antonio Costa's resignation as prime minister over corruption allegations. Mr Costa was not named as a suspect, but investigators arrested his chief of staff over alleged irregularities in state contracts. (BBC Web Page: 10/03/24, FARUK)

**SAUDI OIL GIANT SEES SHARP FALL IN PROFITS**

Saudi Aramco has reported a steep decline in profits, after the energy giant cut production and oil prices fell sharply in 2023. Its profits fell 25% to $121bn profits after a record-smashing year in 2022. But the figure is still the second-highest profit ever for the state-backed company. The firm said it was boosting its payments to shareholders and looking for opportunities to invest in China. Dividends will increase to $98bn, a rise of almost a third compared to 2022, when it banked a record $161bn in profit, thanks to the impact Russia's war in Ukraine was having on energy prices. Oil prices hit $130 a barrel in 2022.
(BBC Web Page: 10/03/24, FARUK)

**GAZA WAR FUELS JERUSALEM FEARS AS RAMADAN TO BEGIN**

There are renewed fears of violence spreading, particularly to Jerusalem, during the Islamic holy month of Ramadan, as a truce remains elusive. Hamas has reiterated a call for Palestinians to step up visits to al-Aqsa Mosque. Israel has accused Hamas of "striving to ignite the region during Ramadan", which is due to begin in the neck few days. The third holiest shrine in Islam is a place of worship for local Muslims. But the site - also holiest place in Judaism, known as Temple Mount - is often a flashpoint during flare-ups in the Israel-Palestinian conflict. (BBC Web Page: 10/03/24, FARUK)

**IRISH VOTERS REJECT AMENDMENTS TO CONSTITUTION**

Voters in the Republic of Ireland have overwhelmingly voted against amending the Irish Constitution. Proposals to alter wording in the constitution to include families which are not based on marriage were defeated with 67.7% voting 'no'. A second proposed change on the wording around the role of women in the home was defeated by a higher margin with 73.9% of voters rejecting it. It was the highest ever no vote percentage in an Irish referendum. The first result announced on Saturday evening was in the family referendum.
(BBC Web Page: 10/03/24, FARUK)

**US, UK AND FRENCH DESTROY DOZENS OF HOUTHI DRONES**

US, British and French forces say they repelled a series of Iranian-backed Houthi attacks off the coast of Yemen. US military said at least 28 uncrewed aerial vehicles (UAVs) were downed over the Red Sea early on Saturday. Along with coalition forces, the US said it acted after determining the large-scale attack presented an imminent threat to merchant vessels. The Houthis said they had targeted a commercial ship, Propel Fortune, and a number of US destroyers. A statement from the US Central Command said no US or coalition military vehicles were damaged and there were no reports of damage from commercial ships.
(BBC Web Page: 10/03/24, FARUK)

**LUFTHANSA FACES NEW TWO-DAY STRIKE IN GERMANY**

Lufthansa's cabin crew union has called a fresh two-day strike across two of Germany's busiest airports, Frankfurt and Munich. Taking place on Tuesday and Wednesday, it is the latest in a series of strikes to affect the German airline. The union's announcement comes days after Lufthansa announced record profits for 2023. Lufthansa said around 1,00,000 travellers are likely to be affected. The strike will cover all departures out of Frankfurt airport on Tuesday and all flights out of Munich on Wednesday, from 04:00 to 23:00 local time, the union said. (BBC Web Page: 10.03.24, FARUK)

**THE END**